পরিষদ্-গ্রন্থাবলী—৪

ছুটীখানের

মহাভারত

(অশ্বমেধপর্ব্ব)

কবি শ্রীকর নন্দী

বিরচিত

শ্রীবিনোদবিহারী কাব্যতীর্থ

ও

শ্রীদীনেশচন্দ্র সেন বি, এ

সম্পাদিত

১৩৭।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট

হইতে

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্ত্তৃক

প্রকাশিত

কলিকাতা

৫ নং রামধন মিত্রের লেন, শ্যামপুকুর,

বিশ্বকোষ যন্ত্রে শ্রীপূর্ণচন্দ্র দাস কর্ত্তৃক

মুদ্রিত।

১৩১২

মূল্য ১৲ এক টাকা

ছুটি খাঁর মহাভারতের সূচীপত্র।

অশ্বমেধ পর্ব্ব

	বিষয়	পৃষ্ঠা
১।	মঙ্গলাচরণ	৩
২।	জনমেজয়-প্রশ্ন	৪
৩।	যুধিষ্ঠির ও ব্যাসবাক্য	৫
৪।	অশ্বমেধকল্পনা	৬
৫।	অশ্বমেধ যজ্ঞাশ্বনির্ণয়	৭
৬।	ভদ্রাবতী গমনে ভীমাদির উক্তি	৮
৭।	বৃষকেতু ও মেঘবর্ণ-সংবাদ	৯
৮।	শ্রীকৃষ্ণের আগমন	১০
৯।	ভীম ও কৃষ্ণের কথোপকথন	১১
১০।	যজ্ঞীয় অশ্ব আনয়নার্থ ভীমের ভদ্রাবতীযাত্রা ...	১২
১১।	মেঘবর্ণের যুদ্ধযাত্রা	১৩
১২।	ইন্দ্রদূতের-সমাগম	১৪
১৩।	মেঘবর্ণের অশ্ব আনয়ন ও যৌবনাশ্বের সৈন্য সহ যুদ্ধ ...	১৫
১৪।	বৃষকেতুর যুদ্ধ ও যৌবনাশ্ব সংবাদ	১৬
১৫।	যৌবনাশ্বের যুদ্ধ	১৭
১৬।	বৃষকেতুর সহিত যৌবনাশ্বের যুদ্ধ	১৮
১৭।	বৃষকেতু ও যৌবনাশ্বে যুদ্ধ	১৯
১৮।	সুবেগের সহিত ভীমের যুদ্ধ	২০
১৯।	বৃষকেতুর যুদ্ধে যৌবনাশ্বের পরাজয়	২১
২০।	যৌবনাশ্বের সপরিবারে হস্তিনায় আগমন ...	২২
২১।	যৌবনাশ্বের শ্রীকৃষ্ণদর্শন...	২৩
২২।	সপরিবারে যৌবনাশ্বের সহিত পাণ্ডবগণের মিলন ...	২৪
২৩।	যাদব-নিমন্ত্রণোপদেশ	২৫

	বিষয়			পৃষ্ঠা
২৪।	কৃষ্ণ ও ভীমের একত্র ভোজন	...	...	২৬
২৫।	হস্তিনাগমনে কৃষ্ণাদেশ ...	...	...	২৭
২৬।	পুরঞ্জনের প্রতি কৃষ্ণের উপদেশ	...	...	২৮
২৭।	কৃষ্ণের হস্তিনা-প্রস্থান ...	...	...	২৯
২৮।	কৃষ্ণাগমন ...	...	...	৩০
২৯।	পাণ্ডবযাদব মিলন ...	...	...	৩১
৩০।	যাদবরমণীগণের অশ্বদর্শন	...	...	৩২
৩১।	সৈন্যের প্রতি অনুশাল্বের আদেশ	...	...	৩৩*
৩২।	কৃষ্ণের সান্ত্বনা ...	...	...	৩৪
৩৩।	বৃষকেতুর সৈনাপত্য ...	...	...	৩৫
৩৪।	অনুশাল্বের সহিত কামদেবের যুদ্ধ	...	...	৩৬
৩৫।	প্রদ্যুম্নকে ভৎর্সনা ...	...	...	৩৭
৩৬।	ভীমের যুদ্ধ ...	...	...	৩৮
৩৭।	কৃষ্ণ অনুশাল্ব যুদ্ধ ...	...	...	৩৯
৩৮।	কৃষ্ণের মূর্চ্ছা ...	...	...	৪০
৩৯।	কৃষ্ণের মূর্চ্ছা ও বৃষকেতুর প্রতিজ্ঞা	...	...	৪১
৪০।	সত্যভামার প্রবোধ ও বৃষকেতুর যুদ্ধ	...	...	৪২
৪১।	অনুশাল্বের বন্দী-করণ ...	...	...	৪৩
৪২।	অনুশাল্বের বশ্যতা স্বীকার	...	...	৪৪
৪৩।	জয়পত্র বন্ধন ...	...	...	৪৫
৪৪।	অশ্ববিমোচন ...	...	...	৪৬
৪৫।	অশ্বের নীলধ্বজপুরে আগমন	...	...	৪৭
৪৬।	মদন-মঞ্জরীর অশ্ব ধরিতে লোভ	...	...	৫৩
৪৭।	প্রবীরের সহিত যুদ্ধ ...	...	...	৫৪
৪৮।	নীলধ্বজের যুদ্ধ ...	...	...	৫৬
৪৯।	স্বাহার সহিত অগ্নির বিবাহকথা	...	...	৫৭

* পুস্তকের ভ্রমবশতঃ ৩৩ হইতে ৪০ এর পরিবর্ত্তে ৪১ হইতে ৪৮ ছাপা হইয়াছে।

	বিষয়	পৃষ্ঠা
৫০।	স্বাহার বিবাহ ও নীলধ্বজ-সংবাদ	৫৮
৫১।	পাষাণময়ী চণ্ডিকা কর্ত্তৃক অশ্ববন্ধন	৫৯
৫২।	চণ্ডিকার পরিচয়	৬১
৫৩।	চম্পাবতী নগরে অশ্বপ্রবেশ	৬৩
৫৪।	সুধন্বার যুদ্ধসজ্জা	৬৫
৫৫।	সুধন্বার কৃষ্ণস্তুতি	৬৭
৫৬।	সুধন্বার সহিত বৃষকেতুর যুদ্ধ	৬৯
৫৭।	বৃষকেতু প্রভৃতির যুদ্ধে পরাজয়	৭১
৫৯।	সুধন্বার কাটামুণ্ড কর্ত্তৃক কৃষ্ণ স্তুতি	৭৯
৬০।	সুরথ ও অর্জ্জুনের যুদ্ধ	৮১
৬১।	সুরথের মুণ্ড প্রয়াগে লইতে গরুড়ের প্রতি কৃষ্ণের আদেশ	৮৫
৬২।	হংসধ্বজ প্রতি কৃষ্ণের প্রবোধ বাক্য	৮৭
৬৩।	নারীদেশে অশ্বগমন	৮৯
৬৪।	প্রমীলা ও অর্জ্জুনের যুদ্ধ	৯১
৬৫।	ভীষণ ও ব্রহ্মরাক্ষসের কথোপকথন	৯৩
৬৬।	অর্জ্জুনের মণিপুরে প্রবেশ	৯৫
৬৭।	অশ্বসহ বভ্রুবাহনের অর্জ্জুন সাক্ষাৎ	৯৭
৬৮।	অনুশাল্ব ও বভ্রুবাহনের যুদ্ধ	১০১
৬৯।	বভ্রুবাহন ও অর্জ্জুনের যুদ্ধ	১০৩
৭০।	বৃষকেতু ও বভ্রুবাহনের যুদ্ধ	১০৫
৭১।	অর্জ্জুন ও বভ্রুবাহনের যুদ্ধ	১০৭
৭২।	চিত্রাঙ্গদা প্রভৃতির বিলাপ	১০৯
৭৩।	মণিহেতু পুণ্ডরীকের পাতাল গমন	১১১
৭৪।	কুবুদ্ধি কর্ত্তৃক অর্জ্জুনমুণ্ডহরণ	১১৩
৭৫।	মণিসংস্পর্শে অর্জ্জুনের জীবনপ্রাপ্তি	১১৫
৭৬।	তাম্রধ্বজ কর্ত্তৃক অশ্ববন্ধন।	১১৬
৭৭।	অনিরুদ্ধ ও তাম্রধ্বজের যুদ্ধ	১১৭
৭৮।	তাম্রধ্বজ ও অর্জ্জুনের যুদ্ধ	১১৯
৭৯।	ময়ূরধ্বজের অপূর্ব্ব স্বার্থত্যাগ	

	বিষয়		পৃষ্ঠা
৮০।	বীরবর্ম্মার কথা, সারস্বতপুরে বীরবর্ম্মার সহিত যুদ্ধ	...	১২৬
৮১।	চন্দ্রহাসের উপাখ্যান, চন্দ্রহাসপুরে যুদ্ধ	...	১২৯
৮২।	জয়দ্রথপুরে অশ্বের গমন ও সিন্ধু যুদ্ধ ...	...	১২৫
৮৩।	অশ্ব লইয়া অর্জ্জুনের আগমন ও অশ্বমেধসমাপ্ত	...	১৩৭

ছুটিখানের মহাভারত।

(অশ্বমেধ পর্ব্ব।)

ছুটিখানের মহাভারত—শুনিয়াই পাঠক বিস্মিত হইবেন। ছুটিখান মুসলমান, তিনিই কি মহাভারত লিখিয়াছেন ? আমরা পাঠকবর্গকে নিশ্চয় করিয়া বলিতে পারি, তিনি লেখেন নাই; কিন্তু তিনি যাহা করিয়া ছিলেন, শুনিলে পাঠকবর্গ আরও আশ্চর্য্যান্বিত হইবেন। তিনি মুসলমান হইলেও হিন্দু কবি দ্বারা জৈমিনি-মহাভারতের অশ্বমেধ পর্ব্ব ছন্দোবন্ধে অনুবাদ করাইয়া লন। সে হিন্দু কবির নাম শ্রীকরনন্দী। কেন করাইলেন ? যে হেতু তাঁহার পিতা এক জন হিন্দু কবি দ্বারা সমস্ত জৈমিনি ভারত ছন্দোবন্ধে অনুবাদ করাইয়া ছিলেন, সে কবির নাম কবীন্দ্র পরমেশ্বর। সুতরাং ইঁহারা দুই পুরুষ ধরিয়া হিন্দু কাব্যের পক্ষপাতী। এ পক্ষপাতেরও কারণ আছে; তাঁহারা যে রাজার অধীনে কর্ম্ম করিতেন, তিনি নিজেই হিন্দু-পক্ষপাতী ছিলেন; সুতরাং তাঁহার অধীনস্থ সামন্ত ও সেনাপতিগণ যে হিন্দু পক্ষপাতী হইবেন তাহাতে বিচিত্র কি ? এই রাজার নাম আলা উদ্দীন হোসেন সাহ; ইনি ১৪৯৪ সালে বাঙ্গালার সুলতান হইয়াছিলেন। ইহাঁর পারিষদগণের মধ্যে অনেক হিন্দু বিশেষ প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন। পরাগল ইহাঁর অধীনে চট্টগ্রাম অধিকার করিয়াছিলেন। ছুটিখাঁ পরাগলের পুত্র। শ্রীকরনন্দীর এই অশ্বমেধপর্ব্ব সম্ভবতঃ চট্টগ্রামেই রচিত, লিখিত ও গীত হইয়াছিল। সুতরাং এ পুস্তক প্রায় চারিশত বৎসর পূর্ব্বে লিখিত।

এ পুস্তকের ভাষা অতি সরল, বুঝিতে কোন কষ্ট হয় না, কিন্তু ভাষা এখনকার ভাষা হইতে পৃথক্। আমি তুমির স্থানে 'আহ্মি' 'তুহ্মি,' কেন'র স্থানে 'কেহ্নে,' করিব'র স্থানে 'করিবাম'। ক্রিয়া গুলিতে (অন্ত) বিভক্তির সংখ্যা অত্যন্ত অধিক, যথা 'জিজ্ঞাসন্ত বোলন্ত, বলিলেন্ত, হোন্ত, আইলেন্ত' ইত্যাদি। আমরা পূর্ব্বে জানিতাম যে মাইকেল মধুসূদন দত্তই অসমসাহসে বাঙ্গালায় নূতন নূতন অদ্ভুত অদ্ভুত নাম-ধাতু প্রয়োগ করিয়া গিয়াছেন, যথা—নাদিলা, আরম্ভিলা, আন্ধারিলা ইত্যাদি। কিন্তু শ্রীকরনন্দীও এ বিষয়ে বড় কম নহেন, তিনিও লিখিয়াছেন,—শান্তাইল, নিশবদে, ভোগম, সানন্দিল, অর্থাৎ সান্ত্বনা করিল, নিঃশব্দ হইল, ভোগ করিতেছি, আনন্দিত

পুথি লিখিতেছেন; তিনি সংস্কৃত কথা একেবারেই বুঝেন না। তবে ছন্দ পূরাইবার অনুরোধে তিনি অনেকবার মহেষ্বাস এই শব্দটী ব্যবহার করিয়াছেন। তৎকালীন বাঙ্গালা ভাষা এখনকার ভাষা হইতে যে কিছু পৃথক্ হইবে তাহাতে বিচিত্র কি? কিন্তু আমরা উহার সহিত বর্ত্তমান ভাষার সৌসাদৃশ্য দেখিয়া বিস্মিত হইয়াছি।

এই মহাভারত সম্পাদনার্থ দুইখানি পুথি গৃহীত হইয়াছে। এই দুইখানির হস্তলিপি কিছু বিশেষ নূতন, বর্গীয় জটী ইংরাজী এফের মত, ক'টী একটী দাড়ির গায়ে একটু কিছু জড়ান, র ও বএর বিশেষ এই যে রএর বুকে একটী হাইফেন-লাগান আর বএর পেটটী কাটা। সুবিধার জন্য দুইখানি পুথি 'ক' ও 'খ' নামে চিহ্নিত করা হইল। 'ক' পুস্তকখানির হাতের লেখা আর রচনার সময় বিশেষ তফাৎ আছে বলিয়া মনে হয় না। এখানিই আদর্শ স্বরূপ গ্রহণ করা হইল। অপর পুথিখানি 'বঙ্গভাষা ও সাহিত্য'-প্রণেতা শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন সংগ্রহ করিয়া বিশ্বকোষ-কার্য্যালয়ে প্রদান করিয়াছেন, এখানি বিশ্বকোষ-কার্য্যালয়ে রক্ষিত আছে। এই 'খ' পুথিখানির শেষে সন তারিখ আছে, তাহাতে জানা গেল, পুথিখানির নকলের তারিখ ১৫৮৫ শক।

ছুটিখানের মহাভারত।

অশ্বমেধ-পর্ব্ব।

——(*)——

মঙ্গলাচরণ।

প্রণমহো অনাদি নিধন সনাতন।
সৃষ্টিস্থিতিপালক পরম কারণ॥
তাহার সঙ্গেত নমি কুলপ্রজাপতি।
পুনি পুনি সেই দেবে করএ প্রণতি॥
গণপতি বন্দম বিঘ্ননাশন।
তবে দেবী ভগবতী বন্দম চরণ॥
প্রণমহো ভক্তি করি যত কবিগণ।
জনক জননী বন্দো যত গুরুজন॥
সভাপতি অগ্রতে মোহর প্রণতি।
রচিব পয়ার কিছু সংক্ষেপ পুথি॥
পৃথিবীর মোক্ষ পবিত্র এক স্থান।
অতিবৃষ্টি অনাবৃষ্টি নাহি কোন কাল॥
নসরত সাহা তাত অতি মহারাজা।
রাম বহুনিষ্ঠ পালে সব প্রজা॥
নৃপতি **হুসন সাহা** যেঅ ক্ষিতিপতি।
সাম-দান-দণ্ড-ভেদে পালএ বসুমতী॥
তান এক সেনাপতি লস্কর **ছুটিখান**।
ত্রিপুরার উপরে করিল সন্নিধান॥
চাটিগ্রাম নগরের নিকট উতরে।
চন্দ্রশেখর পর্ব্বত কন্দরে॥

চাকুলোল গিরি তার পৈত্রিক বসতি।
বিধিএ নির্ম্মিল তাক কি কহিব অতি॥
চারিবর্ণ বসে লোক সেনা সন্নিহিত।
নানাগুণে প্রজা সব বসএ তথাত॥
ফণী নামে নদীএ বেষ্টিত চারিধার।
পূর্ব্বদিগে মহাগিরি পার নাহি তার॥
লস্কর পরাগল খানের তনয়।
সমরে নির্ভয় **ছুটিখান** মহাশয়॥
আজানুলম্বিত বাহু কোমল লোচন।
বিশাল হৃদয়ে মত্তগজেন্দ্র গমন॥
চতুঃষষ্টি কলা বসতি গুণের নিধি।
পৃথিবীবিখ্যাত সে যে নির্ম্মাইল বিধি॥
দাতা বলি কর্ণ সম অপার মহিমা।
শৌর্য্যে বীর্য্যে গাম্ভীর্য্যে নাহিক যে সীমা॥
তাহান যত গুণ শুনিয়া নৃপতি।
সম্বাদিয়া আনিলেক কুতূহলমতি॥
নৃপতি অগ্রেত তার বহুল সম্মান।
ঘোটক প্রসাদ পাইল ছুটিখান॥
লস্করী বিষয় পাইয়া মহামতি।
সাম-দান-দণ্ড-ভেদে পালে বসুমতী॥

ত্রিপুর নৃপতি যার ডরে এড়ে দেশ।
পর্ব্বতগহ্বরে গিয়া করিল প্রবেশ॥
গজ বাজি ধার দিয়া করিল সম্মান।
মহাবন মধ্যে তাঁর পুরীর নির্ম্মাণ॥
অদ্যাপি ভয় না দিল মহামতি।
তথাপি আতঙ্কে বৈসে ত্রিপুর নৃপতি॥
আপনে নৃপতি সন্তর্পিয়া বিশেষে।
সুখে বসে লস্কর আপনার দেশে॥
দিনে দিনে বাড়ে তার রাজসম্মান।
যাবত পৃথিবী থাকে সন্ততি তাহান॥
পণ্ডিতে পণ্ডিতে সভাখণ্ড মহামতি।
এক দিন বসিলেক বান্ধব সংহতি॥
শুনন্ত ভারত তবে অতি পুণ্য কথা।
মহামুনি জৈমিনি কহিল সংহিতা॥
অশ্বমেধ কথা শুনি প্রসন্ন হৃদয়।
সভাখণ্ডে আদেশিল খান মহাশয়॥
দেশী ভাষায় এহি কথা রচিল পয়ার।
সঞ্চারৌক কীর্ত্তি মোর জগত সংসার॥
তাহান আদেশ মাল্য মস্তকে ধরিয়া।
শ্রীকরনন্দী কহিলেক পয়ার রচিয়া॥
যেন মতে অশ্বমেধ কৈল যুধিষ্ঠির।
রচিলেক অশ্বমেধ পবিত্র শরীর॥
বাসুদেব ধনঞ্জয় সখার কারণ।
যজ্ঞ যেন নির্বহিল পাণ্ডুর নন্দন॥
অশ্বমেধ পুণ্যকথা অমৃত লহরী।
শুনিলে আপদ খণ্ডে পরলোক তরি॥*

জনমেজয়-প্রশ্ন।

দ্বাপর যুগেতে ছিল পাণ্ডু-নরপতি।[১]
যুধিষ্ঠির নামে রাজা ধর্ম্ম মহামতি॥
তাহান কনিষ্ঠ ভাই বীর ধনঞ্জয়।
অভিমন্যু নামে ধনঞ্জয়ের তনয়॥
চক্রব্যূহ ভেদিলেন দ্রোণে না গণিয়া।
সর্ব্ব সৈন্য দুর্য্যোধন রাজা না গণিয়া॥
তাহান তনয় হইল বীর পরীক্ষিত।
বলবীর্য্যে বিখ্যাত মহিমা ধরণীত॥
পরীক্ষিত রাজার তনয় মহাশয়।
জন্মেজয় নাম তান সমরে দুর্জ্জয়॥
সর্প হেতু যজ্ঞ করিল ক্ষিতিতলে।
তেঞি পুছিলেন্ত জৈমিনি কুতূহলে॥
মোর পিতামহ পূর্ব্বে যুধিষ্ঠির রাজা।
ধর্ম্ম অবতারে পালে পৃথিবীর প্রজা॥
কোন মতে অশ্বমেধ যজ্ঞ করিলেন্ত।
সে বহু রহস্য মুনি কহ আদি অন্ত॥
নয়নগোচরে তুহ্মি দেখিলা সকল।
ঘোড়া রাখিলেন্ত কোন মতে মহাবল॥
রাজসূআএ ছিল দৈবকীনন্দন।
সে সব শুনিতে মোর কুতূহল মন॥[১]
কহ কহ মুনিবর মোহোতে[২] সদয়।
উপুছ না হইব[৩] মুনি মহাশয়॥ (?)

(১) পৃথিবীবিখ্যাত বীর পাণ্ডব সুমতি।—খ।

* মঙ্গলাচরণের সমস্ত অংশ আদর্শ পুথিতে নাই, ১৫৮৫ শকের পুথিতে আছে।
(১) খ-পুথিতে এই শ্লোক নাই।
(২) হওত।—খ।
(৩) উৎপীছনার ধিক্।—ক।

রাজার শুনিয়া হেন বিনয় বচন।
কহন্ত যে মুনিবর ইতিহাস বিবরণ॥
ভীষ্ম যদি স্বর্গে গেল তনু পরিহরি।
শোকাকুলি যুধিষ্ঠির কুরু অধিকারী॥
হরি হরি স্মরন্ত ভাবন্ত বহু শোক।
রাজার অবস্থা ত্রস্ত রাজলোক॥
হেন কালে ব্যাস মুনি হইল উপস্থিত।
আশীর্ব্বাদ করিলেন্ত নিগম বিহিত॥
ব্যাসে দেখি নরপতি এড়িল আসন।
অর্চ্চিলেক পাদ্য অর্ঘ্য দিয়া আচমন॥
বিষ্টর আসনে মুনি বসিলেন্ত যবে।
ভক্তি করি নরপতি পুছিলেন্ত তবে॥
শুন মুনিবর মুঞি করম নিবেদন।
মোর পুণ্যফলে যে তোহ্মার আগমন॥
রাজ্যলোভে দেখ মুঞি কৈল অপকর্ম্ম।
জ্ঞাতি সব বধি রণে করিলুঁ অধর্ম্ম॥
সহোদর তুল্য ভাই রাজা দুর্য্যোধন।
রাজ্য হেতু তা সভারে করিলুঁ নিধন॥
যেই ভাই কর্ণবীর সূর্য্যের নন্দন।
ত্রিভুবনে সমরেত বড় বিচক্ষণ॥
ত্রিভুবন সমরেত খ্যাত কর্ণ বড় বীর।
তাকে সংহারিলুঁ মুঞি পাপ যুধিষ্ঠির॥
যে কর্ণের পুরেত আছিল বেদনাদ।
তার পুরে নারী কান্দএ পাইয়া অবসাদ॥
সে কর্ণে মারিলুঁ মুঞি ভাই সহোদর।
ভীষ্ম এড়ি গেল মোরে শুন মুনিবর॥
শোকে তাপে দহে মোর সন্তত হৃদয়।
রাজ্যসুখে কার্য্য নাই চলিমু বনয়॥
হেনমতে জ্ঞাতিবধ খণ্ডাইতে পারি।
স্বর্গে চলি যাইমু মুঞি তনু পরিহরি॥
এড়িলুঁ রাজ্যের চিন্তা আর নাহি কাজ।
তপ হেতু যাইমু আজ্ঞা দেয় মুনিরাজ॥
যদ্যপি শাস্তাইল মুনি বহুল বচনে।
তথাপিহ শান্ত নহে ধর্ম্মরাজ মনে॥
বৃষকেতু স্থানে মুই দিয়া রাজ্যভার।
বনবাসে[১] চলি যাইমু তপ করিবার॥
রাজার বচন শুনি ব্যাস মহামুনি।
প্রত্যুত্তর করিলেক নিজ মনে গুণি॥
আহ্মার বচন শুন রাজা মহাশয়।
গোত্রবধ পাপে তুহ্মি না চিন্তিয় ভয়॥
অশ্বমেধ যজ্ঞ কর বেদের বিধানে।
খণ্ডিব পাতক সব হইবা কল্যাণে॥
পূর্ব্বকালে দশরথ নামে নরপতি।
তিন অশ্বমেধ কৈল বশিষ্ঠ সংহতি॥
অশ্বমেধ যজ্ঞফলে খণ্ডিবেক পাপ।
নয়গু(ণে) পাল প্রজা[২] না ভাবিয় তাপ॥
আপনে গোবিন্দ সহ সখ্য সহচর।
তোহ্মার সহায় বড় শুন নৃপবর॥
অনায়াসে যজ্ঞ তুহ্মি পারিবা করিতে।
রাজ্য এড়ি কেহ্নে চিন্ত বনবাসে যাইতে॥
যাহার সহায় কৃষ্ণ দৈবকীনন্দন।
তাহার অসাধ্য নাই এ তিন ভুবন॥
অধর্ম্ম করিয়া লোকে কৃষ্ণ কৃষ্ণ স্মরে।
সেই কৃষ্ণে তাহার যে অধর্ম্ম সংহারে॥
হেন কৃষ্ণ তোহ্মা সঙ্গে সদায় বৈসন্ত[৩]।
অধর্ম্মের ভয় কেহ্নে চিন্ত মতিমন্ত॥
অশ্বমেধ কর পাল আহ্মার বচন।
অধর্ম্মের ভয় কেহ্নে চিন্তহ অখন॥

(১) 'তপোবনে'—খ।
(২) 'সুখে রাজ্য কর রাজা'—খ।
(৩) 'সতত থাকন্ত'—খ।

মুনির বচন শুনি পাণ্ডব সুমতি।
গদ গদ বাক্যে কহে উত্তর ভারতী ॥
বিনি ধনে এই যজ্ঞ না পারে করিবার।
ধন মোর নাহি মুনি কহিলুম সার ॥
রাজসূঅ হেতু পূর্ব্বে যত মহীপাল।
রণে জিনি ধন সব আনিল সেকাল ॥
দুর্য্যোধন নৃপতির কুবুদ্ধি কারণ।
কুরুক্ষেত্রে নৃপতির করিলু নিধন ॥
পুনি ধন হেতু মুই লোক হিংসিবার।
মোর মনে মুনিবর না লাগএ আর ॥
যজ্ঞের সম্ভব না হয় এড়িমু নগর।
তপস্যা করিব দড় শুন মুনিবর ॥
রাজার বচন শুন পুনি বোলে ব্যাস।
ধন হেতু না চিন্তিয় শুন মহেষ্বাস ॥
যত ধন অশ্বমেধ যজ্ঞের চাহসি।
হিমালয় হোতে ধন আন রাশি রাশি ॥
সত্যযুগে আছিল মরুত্ত নরপতি।
যজ্ঞ করি ব্রাহ্মণেরে ধন দিল অতি ॥
সেই ধন পর্ব্বতেত আছে মহাশয়।
নিতে না পারিল ধন ব্রাহ্মণে নিশ্চয় ॥
এড়ি গেল সে ব্রাহ্মণে বহুবিধ ধন।
হিমালয় পর্ব্বতে শুনন্ত সর্ব্বজন ॥
সে সকল ধন আনি যজ্ঞ কর তুহ্মি।
নরপতি এহি যুক্তি তোকে দিল আহ্মি ॥
রাজা বোলে এক নৃপ করিলেক দান।
তাকে আনিবারে তুহ্মি দেয় সম্বিধান ॥
ব্রাহ্মণের ধন সে যে আনিবাম গিয়া।
ব্রহ্মস্ব করিব দান না বলিয় এহা ॥[১]

রাজার বচনে মুনি কহে আরবার।
ব্রহ্মস্ব না হএ সেই কহি শুন সার ॥
যথনে এড়িয়া গেল ব্রাহ্মণে সে ধন।
তাহার কর্ত্তব্য নহে শুনহ রাজন ॥
ভৃগুপতি রামে পূর্ব্বে দান কৈল ক্ষিতি।
লভিল কাশ্যপ মুনি শুন মহামতি ॥
সে কারণে ক্ষিতি হএ ব্রহ্মধন।
বোল দেখি কেহ্নে ভোগ করে রাজগণ ॥
এহার যুকুতি এহি শুন নরপতি।
ধন আনি যজ্ঞ কর পুণ্য পাইবা অতি ॥১
রাবণ প্রভৃতি রাজা জিনিল যথন।
ব্রাহ্মণের দায় নাই খণ্ডিল তখন ॥
যে রাএ যথনে জিনিল ধরাতল।
ধন জন যত ইতি তাহার সকল ॥২
সার্ব্বভৌম রাজা তুহ্মি ক্ষিতি তোর বশ।
ক্ষিতিতল সকল তোহ্মার না হএ ব্রহ্মস্ব ॥
সে সকল ধন আন না চিন্ত প্রমাদ।
যজ্ঞ কৈলে খণ্ডিবেক পাপ অবসাদ ॥
মুনির বচনে রাজা প্রসন্ন হৃদয়।
পুনি জিজ্ঞাসন্ত রাজা করিয়া বিনয় ॥
অশ্বমেধ যজ্ঞে কহ কেমত বিধান।
ব্রাহ্মণ কতেক হএ কত দিব দান ॥
ঘোটকের কোন রূপ কোন দেশে জন্ম।
কহ মুনিবর বেদে যে কহিল ধর্ম্ম ॥৩

---

(১) ব্রাহ্মণের ধন আনিতে না হএ উচিত।
ব্রহ্মস্বে করিব যজ্ঞ না লএ মোর চিত ॥—খ।

(১) জিনিল পৃথিবী সব সুরদৈত্যপতি।—খ।

(২) যে রাজা যথন হএ সর্ব্ব ধন তান।
ধন জন যত ধন সকল তাহান ॥—খ।

(৩) ঘোটক কেমন কোন দেশে নাহি জানি।
কহ কহ মুনিবর বেদশাস্ত্র জানি ॥—খ।

যুধিষ্ঠির নৃপতির বচন শুনিয়া।
কহে মুনিবর বেদ বিধান জানিয়া॥১
বেদ শাস্ত্রে পরাগত কুলীন পণ্ডিত।
বিংশতি সহস্র বিপ্র যজ্ঞের বিহিত॥
এক এক ব্রাহ্মণেরে দক্ষিণা দিবে যত।
কহি শুন নরপতি বেদের সম্মত॥
সহস্রেক ধেনু আর এক সস্র গজ।২
রথ এক দিব মণি মাণিক্যের ধ্বজ॥
এক এক ভার কাঞ্চন দিব দান।
প্রথম দিনেত এহি কহিলু বিধান॥
তবে সে এড়িব ঘোড়া ক্ষিতি বিচরিতে।
যথা ইচ্ছা তথা যাইব গতি অরোধিতে॥
রক্ষক সংহতি যাইব পুত্র বা সোদর।
সঙ্গে সঙ্গে ভ্রমিব রক্ষক ধনুর্দ্ধর॥৩
ইন্দুকুন্দ সোমবর্ণ যজ্ঞ অশ্ববর।
পীতপুচ্ছ দীর্ঘকর্ণ পরম সুন্দর॥
অথবা শ্যামলবর্ণ হৃষ্ট পুষ্ট অতি।
যজ্ঞের ঘোড়ার এহি কহিলু সংগতি॥
মাথাতে লিখিব পত্র সুবর্ণের জলে।
যথা ইচ্ছা তথা যাইব মন কুতূহলে॥৪
রক্ষক সহিতে দিব আপ্ত সহোদর।
পত্র লেখি কপালে বান্ধিব ঘোড়ার॥
এড়িবেক ঘোড়া বৎসরেক ভ্রমিবার[৫]।
সকল নির্ব্বন্ধ রাজা কহিলাম সার॥

(১) কহে ব্যাস মুনি সব সাবধান হইয়া।—খ
(২) সহস্রেক ধেনু অশ্ব দশ এক গজ।—খ।
(৩) ঘোটক রক্ষক হইব নিজ সহোদর।
যে রাজার শক্তি থাকে ধরোক অশ্ববর।—খ।
(৪) এড়িবেক সেই ঘোড়া অঙ্গ কুতুহলে।—খ।
(৫) চরিবার।—খ।

কদাচিত ঘোড়া যদি কেহ্নে বলে ধরে।
পরাজিয়া সেই বীর বিষম সমরে॥

*　*　*　*

যুদ্ধে জিনি আনিব রক্ষক ধর্ম্মুদ্ধরে॥
আনিতে না পারে যদি যজ্ঞ হএ বাদ।
হারিলেহ লজ্জা হএ বহুল প্রমাদ॥
পৌর্ণমাসী তিথি পাইয়া এহি পরকার।
এড়িবেক ঘোড়া বৎসরেক চরিবার॥
যথাযুক্ত পরসরে (?) এড় এহি হয়।
ধেনু শত সহস্র দান তথাত নিশ্চয়॥
আপনে যে আরম্ভিব অসিপত্রব্রত।
এড়িবেক সর্ব্বভোগ নিজ উপগত॥
পত্নী সঙ্গে এক শয্যা থাকিব শয়নে।
কামচেষ্টা উপভোগ না চিন্তিব মনে॥
যজ্ঞের বিধান এহি কহিলু সকল।
পারিবা করিতে যজ্ঞ না হইয় বিকল॥
মুনির বচনে রাজা পুনিহ পুছন্ত।
উপাএ না হএ কার্য্য সাধন মহন্ত॥১
হেন অশ্ব রত্ন মুঞি কোথাতে পাইমু।
ঘোড়া রাখিবারে মুই কারে নিযোজিমু॥
যেবা ভীমার্জ্জুন মোর ভাই সহোদর।
মোহর লাগিয়া দুঃখ পাইছে বহুতর॥
তা সভারে পুনি যুদ্ধে নারম নিযোজিতে।
বিনি ভীমার্জ্জুনে নারে ধনুক ধরিতে॥
যেবা ভ্রাতৃপুত্র মোর কর্ণের নন্দন।
বৃষকেতু অতি শিশু দেখহ লক্ষণ॥
ষোড়শ বৎসর মাত্র হইছে তাহার।
অতি শিশু রণে যাইতে নহে ব্যবহার॥

(১) কিরূপে করিমু কার্য্য কহ মতিমন্ত।—খ।

পৌত্রবর মেঘবর্ণ নামে মহাবীর।
ঘটোৎকচসুত রণে অক্ষোভ শরীর॥
তার বাপ মোর হেতু কর্ণের সমরে।
শরীর এড়িল মুনি তোহ্মার গোচরে॥
তাহারে পাঠাতে রণে না হয় যুকতি।
কৃষ্ণ হেন বন্ধু নাহি নিকটে সম্প্রতি॥
বহু বিঘ্নকর যজ্ঞ করিমু যে আশ।
সিদ্ধি না হইলে পাছে পাইব উপহাস॥
এহি যজ্ঞ মোর কোহ্নু না দেখল সিদ্ধি।
কোথা আছে ঘোড়া তার না জানেন সন্ধি॥
যুধিষ্ঠির নৃপতির হেন বাক্য শুনি।
ঘোড়ার উদ্দেশ কহে ব্যাস মহামুনি॥
ভদ্রাবতী নামে পুরী উত্তম বসতি।
মহাবীর যৌবনাশ্ব তথা নরপতি॥
তার ঠাঁই আছে এইরূপ অশ্বগণ।
ধন জন রক্ষা করে পরম কৃপণ॥১
হেন মতে যৌবনাশ্বে সে অশ্ব রাখন্ত।
আছউক মনুষ্য দেবে রাখিতে নারন্ত॥
ব্যাসের বচনে ভীম দিলেক উত্তর।
আহ্মি দিব ঘোড়া আনি তোহ্মার গোচর॥২
একাকী যাইমু মুই পুরী ভদ্রাবতী।
সমরে জিনিমু যৌবনাশ্ব নরপতি॥
বলাৎকারে আনিমু যে ঘোটক তাহার।
প্রতিজ্ঞা করিয়া বলে গোচর রাজার॥

যদি মুই সেই অশ্ব আনিতে নারম।
মাতৃহত্যা নরকেত পচিয়া মরম॥১
অতি ঘোর স্থানেত মোহর হওএ বাস।
এ বুলিয়া নিশবদে ভীম মহেষ্বাস॥
ভীমের প্রতিজ্ঞা শুনি বোলন্ত নৃপতি।
পাছু না চিন্তিয়া বোল প্রতিজ্ঞা ভারতী॥
যদি যৌবনাশ্ব রাজা বলে মহাবীর।
তাহার সমুখে রণে রহিব কোন বীর॥
সংশয় দেখম ভীম ভদ্রাবতীজয়।
একাকী যাইতে রণে অযোগ্য বলয়॥
রাজা যদি ভীমক এহেন বলিলেন্ত।২
বৃষকেতু কর্ণপুত্রে হেন কহিলেন্ত॥
মোকে ভীম সঙ্গে নেয় তোহ্মার দোসর।
যৌবনাশ্বে জিনিবাম করিয়া সমর॥
ভীমে বোলে বৃষকেতু তুহ্মি মহাবীর।
সুরাসুর সমরেত অক্ষোভ শরীর॥
যৌবনাশ্ব জিনিতে পার আপনার বলে।
তোহ্মা সম কোন বীর আছে ক্ষিতিতলে।
কি পুনি তোহ্মার বাপ যে হোন্তে মারিল।
তোর মুখ চাহম যে লজ্জা আবরিল॥
এ হেতু তোহ্মারে পুনি যাইবারে সমর।
বলিবারে একমুখে না আইসে উত্তর॥
ভীমের বচনে বৃষকেতুএ বোলন্ত।
না করিলা অপকর্ম্ম শুন মতিমন্ত॥
উপকার কৈলো মোর জনক সংহারি।
সদা এ আছিল দুর্য্যোধন সেবাকারী॥

(১) দশ অক্ষৌহিনী সৈন্য সহ সেনাপতি।
ঘোড়া রাখিবার হেতু সাবধান মতি॥—খ।

(২) * * * * হেন বাক্য বুলিলেন্ত।
সেই সভাতে ভীমসেনে তর্জ্জন করন্ত।—খ।

(১) যদি সেই অশ্ব আনিতে না পারোম।
তবে মুঞি নরকেত পড়িয়া মরোম॥—খ।

(২) রাজএ যদি এমত ভীমক গর্জ্জন্ত।—খ।

ধর্ম্মেত হয়ন্তি তেঞি পাণ্ডুর তনয়।
নিজ সৈন্য এড়ি কৈল শত্রুতে বিনয়॥
রজস্বলা দ্রৌপদীরে কামহত চিত্তে।
আলোকন করি সব সভার বিদিতে॥
সে সব অধর্ম্ম নাশ কৈলে তুহ্মি সব।
সমুখ সমরে তান কৈলা পরাভব॥
স্বর্গে গেল বাপ মোর তোহ্মার প্রসাদে।
উপকার মানি আহ্মি না চিন্ত প্রমাদে॥
এত যদি বৃষকেতু বচন বলিল।
দুই হাতে ভীমসেন তাকে আলিঙ্গিল॥
সঙ্গে যাইতে তাহারে দিলেক অনুমতি।
মেঘবর্ণ পৌত্রকে বলিল মহামতি॥
তোর বাপে বহুল করিলা উপকার।
শুন পৌত্রবর তুহ্মি বচন আহ্মার॥
অর্জ্জুনের সনে তুহ্মি রহ এহি স্থল।
সহদেব নকুল তাহার অনুবল॥[১]
বৃষকেতু সঙ্গে মুঞি যাইমু ভদ্রাবতী।
আনিব যজ্ঞের ঘোড়া রণে দিও মতি॥
এত যদি ভীমসেনে বলিল বচন।
মেঘবর্ণ কুমারে বলিল ততক্ষণ॥
মোর বাপ ঘটোৎকচ তোহ্মার নন্দন।
তোমার কার্য্যেতে তেঞি তেজিল জীবন॥
তাহান জনম ধন্য ধন্য ব্যবহার।
পিতৃকার্য্যে শরীর এড়িল আপনার॥
মহাবীর ধনঞ্জয় সমরে নির্ভয়।
যার দর্পে কম্পমান বিপক্ষ নিশ্চয়॥
রাজারে রাখিয়া তেঞি রহিবেন স্থল।
সহদেব নকুল তাহার অনুবল॥[২]
তোহ্মার সংহতি আহ্মি যাইমু ভদ্রাবতী।
বৃষকেতু সঙ্গে তুহ্মি রণে দিয় মতি॥
মায়াবলে ঘোড়া মুই কাড়িয়া আনিমু।
পৃষ্ঠে বহি তোহ্মার অগ্রেতে আনি দিমু॥
ঘাড়ে করি চল ব্যাজে নাহি প্রয়োজন।
ঘোড়া কাড়ি আনি দিব আহ্মি তিন জন॥
শুনিয়া পৌত্রের বাক্য ভীম মহাবলে।
দুই হাতে তাকে আলিঙ্গিল কুতুহলে॥
মেঘবর্ণ সঙ্গে যাইতে অনুমতি দিল।
তবে ব্যাসমুনি নরপতিত কহিল॥
রাত্রি কাল হইল দেখি দিন অবসান।
আশ্রমেত যাই আহ্মি হউক সন্বিধান॥
মন বাঞ্ছা সিদ্ধি তোর হউক অবিকলে।
এই আশীর্ব্বাদ দিল নিজ পুণ্য বলে॥
এ বুলিয়া ব্যাস মুনি চলিল সত্বর।
বাড়াই দিলেক নিয়া ধর্ম্ম নৃপবর॥[৩]
সোদর সংহতি রাজা সে মুনি বন্দিয়া।
মন্ত্রণাঘরেত তবে গেলেন্ত চলিয়া॥
ভীমার্জ্জুন সহদেব নকুল কুমার।
যুক্তি হেতু বসিলেক নিকটে রাজার॥
বসিল দ্রৌপদী মহাদেবী তান পাশে।
যুক্তি করে যুধিষ্ঠির রাজা মহেষ্বাসে॥
অশ্বমেধযজ্ঞ মুই কিরূপে করিমু।
ঘোড়া রাখিবারে মুই কাকে নিয়োজিমু॥[১]

(১) অর্জ্জুনের সহ তুহ্মি রহ এহি স্থানে,
নৃপতিরক্ষক হইয়া রহ অপ্রধানে॥—খ।

(২) সহদেব সহিত অর্জ্জুন মহাবল।
নৃপতি রক্ষিয়া থাকিব সকল॥—খ।

(৩) বাড়াইয়া দিলেন্ত নিয়া ধর্ম্মবর।—খ।

(১) ধন জন বিত্ত আহ্মি কি মতে তুষিমু।—খ।

যৌবনাশ্ব জিনিবাম কেমতি শকতি।
চিন্তাএ বিকল মোর স্থির নহে মতি॥
রাজার বচন শুনি পবননন্দন।
পুনি পুনি ভীমে বোলে ব্যাপহ বচন॥
ভীমের বচনে ভীম ব্যাপহ না ধরে।
উপরোধে কোহ্নে বাক্য না বোলে তাহারে।
চিন্তাকুল নরপতি এড়েন্ত নিশ্বাস।
নিশবদে ধনঞ্জয় বুঝে তান আশ॥
রাজা বোলে বন্ধু মোর দৈবকীনন্দন।
ইহলোকে তান সম নাহি বন্ধু জন॥[২]
তাহান প্রসাদে মুই ভোগম বসুমতী।
বড় বড় আপদ তরাইল মহামতি॥
দ্রৌপদীকে সভা মধ্যে পাপ দুর্য্যোধন।
বস্ত্রহীন করিতে লাগিল যে কারণ॥
বস্ত্ররূপ হইয়া কৃষ্ণ সে লজ্জা রাখিলা।[৩]
যাহার মন্ত্রণা মূলে কৌরব নাশিলা॥
হেন কৃষ্ণ সম্প্রতি নাহিক নিকটে।
কোহ্নে তরাইব মুই পড়িলু সঙ্কটে।
কৃষ্ণ কৃষ্ণ নরপতি স্মরে বারে বারে।
হেন কালে কৃষ্ণ আসি মিলিল দুআরে॥
ভকত-বৎসল কৃষ্ণ অনাদি নিধন।
সতত ভকত জন থাকে তান মন॥
ব্যাকুল ভকত দেখি আইলেন্ত আপনে।
রাজদ্বারে আসি কৃষ্ণ মিলিল তখনে॥
শুন আরে দ্বারপাল মোহর উত্তর।
মুঞি কৃষ্ণ জানা যৈ রাজার গোচর॥

সময় জানিয়া কহিও রাজার সদন।
অসময় বিদিতে না যাইমু কদাচন॥
হেন যদি বলিলেন্ত কৃষ্ণ মহামতি।
করপুটে দ্বারী বোলে করিয়া প্রণতি॥
আপ্ত সুখে চল দেব পুরীর ভিতরে।
সোদর সহিতে রাজা গূঢ় যুক্তি করে॥
অসময় সময় তোহ্মার সর্ব্বকাল।
এহেন বুলিছে পূর্ব্ব ধর্ম্ম মহীপাল॥
পর অপর দেশত যেই নরপতি।
পর ধন হরিবারে যে করে যুকতি॥
পরনারী লম্পটের রূপ মধুপান।
তার অসময় সময় সর্ব্ব স্থান॥
এ সকল ধর্ম্ম না করন্ত কদাচন।
যুধিষ্ঠির নরপতি ধর্ম্মের নন্দন॥
সর্ব্বকাল সময় তাহার দরশনে।[৪]
অসময় নাহিক আহ্মার প্রভু স্থানে॥
তোহ্মারে চিন্তএ রাজা নিজ কার্য্যহেতু।
মনোরথ সম্পন্ন করহ ভবকেতু।
দ্বারীর বচনে কৃষ্ণ বোলে আরবার।
অজিজ্ঞাসাএ না যাইব নীতি ব্যবহার॥
আন কার্য্য পরিহরি চলহ অখন।
আহ্মি আসিয়াছি কহ ধর্ম্মের সদন॥[৫]
কৃষ্ণের বচনে দ্বারী সত্বর গমনে।
নৃপতি গোচরে জানাইল ততক্ষণে॥
অস্তে ব্যস্তে নরপতি আসন এড়িল।
তাই সব সঙ্গে করি দ্বারে নিঃসরিল॥[৬]

---

(২) ইহলোকে তাঞি বিনে বন্ধু নাহি আন।
শ্রীকৃষ্ণ বিপদ কালে করিত পরিত্রাণ॥—খ।

(৩) বস্ত্ররূপী হইয়া কৃষ্ণ করিলা রক্ষণ।
ইন্দ্র আদি দেব দেখিল সর্ব্বজন॥
লীলার উদ্ধরে যত আপদ লক্ষণ॥—খ।

(৪) সর্ব্বকাল সময় তোহ্মা দরশনে।
অসময় নাহি জান তোহ্মা সন্দর্শনে॥—খ।

(৫) ব্যাজ পরিহর তুমি চলহ সত্বর।
আহ্মাতে জানাও গিয়া রাজার গোচর॥—খ।

(৬) নিকলিল।—খ।

চাতক পক্ষীএ জেন নিদাঘের শেষে।
বরিষণ পাইয়া যেন হইল উল্লাসে॥
কৃষ্ণ দেখি নরপতি বহুল আনন্দ।
নয়নের বাষ্প-জল বহএ সানন্দ॥
প্রণমিলা কৃষ্ণ যুধিষ্ঠির নৃপতিক।
আলিঙ্গিল নরপতি প্রেমভাবে ধিক॥
কৃষ্ণকে প্রণাম কৈল বীর ধনঞ্জয়।
মাদ্রীপুত্রে প্রণমিল প্রেম অতিশয়॥
কৃষ্ণ কোলে করি রাজা গৃহে প্রবেশিল।
দেবী দ্রৌপদীএ কৃষ্ণচরণ বন্দিল॥
স্তুতি করিলেক দেবী বহুল প্রকারে।
বসিলেন্ত কৃষ্ণ তবে আনন্দ নির্ভরে॥
তবে রাজা যুধিষ্ঠিরে জিজ্ঞাসে যুকুতি।
তুহ্মি পরে পাণ্ডবের আন নাহি গতি॥
গোত্রবধ পাপে মুঞি ভীত সর্ব্বক্ষণ।
অশ্বমেধযজ্ঞ মুনি বোলে এ কারণ॥
ব্যাপহ বোলন্ত ভীমসেন মহাবল।
কি করিনু বোল কৃষ্ণ হইলু তরল॥
তোহ্মার প্রসাদে জ্ঞাতি বধের আপদে।
উপায় বোলহ এবে লভিতে সাপদে॥
রাজার বচন শুনি কৃষ্ণ মহামতি।
ভীমক অক্ষোভ বলি উতঙ্ক ভারতী॥ ?
এ যজ্ঞ করিতে কেবা পারে ক্ষিতিতলে।
ঘোড়া রাখি ভ্রমিবেক বোল কার বলে॥
কুরুক্ষেত্রে যত বীর রণে ত পড়িল।
তা সভার পুত্র পৌত্র বড় উপজিল॥
এক এক বীর সব ইন্দ্র সমশর।
এ সব জিনিব বোল কোন ধনুর্দ্ধর॥
বহু বিঘ্ন হয় যজ্ঞ কেহ্নে কর আশা।
বিনি মন্ত্রণায় জেন খেলাইলা পাসা॥
মন্ত্রণা না করি জেন বীর ধনঞ্জয়।
জয়দ্রথবধে জেন পাইলা সংশয়॥
সুমন্ত্রী সহিতে রাজা করহ মন্ত্রণা।
কুমন্ত্রীর মন্ত্রণাএ পাইবা যন্ত্রণা॥
স্থূলোদর যে জন যে জন নারীজিত।
বহুভক্ষকের যুক্তি নহে সমুচিত॥
বহুভক্ষ ভীমসেন হয় স্থূলোদর।
হিড়িম্বা রাক্ষসী ভার্য্যা তান সহচর॥
হেন ভীমসেনের বচনে নরপতি।
অশক্য কর্ম্মেত তুহ্মি বিভ্রম হৈলা মতি॥
কৃষ্ণের বচনে ভীম রুষিয়া বলিল।
মোকে মন্দ বোল কৃষ্ণ নিজ না দেখিল॥
তোহ্মার উদরে কৃষ্ণ বৈসে ত্রিভুবন।
আহ্মার উদরে কত ওদন ব্যঞ্জন॥
তুমি স্থূলোদর নহে আহ্মি স্থূলোদর।
বিমর্শিয়া চাহ কৃষ্ণ দেব দামোদর॥
সংসার উপাড়িয়া সৃষ্টি খাইবা তুহ্মি।
তোহ্মা হোতে বহুভক্ষ হইলু কি আমি॥
ভাল্লুক-কুমারী তোহ্মার ঘরে জাম্ববতী।
তা হোতে অধিক নিকি হিড়িম্বা যুবতী॥
নিজ নারী সত্যভামা প্রিয় করিবার।
রণেত জিনিল জ্যেষ্ঠ ভাই আপনার॥
ক্ষিতিত আনিল তুহ্মি পুষ্প পারিজাত।
দেবগণে পাইল বহুল উতপাত॥
তুহ্মি নারীজিত নহে আহ্মি নারীজিত।
আপনা না চাহি মোকে বোল বিপরীত॥
ভীমের বচনে কৃষ্ণ বহু সানন্দিল।
ভাল ভাল বলি ভীম উঠি আলিঙ্গিল॥[১]

(১) তোর বল বুদ্ধি প্রতিজ্ঞা বুঝিবার।
সূর্য্যক্ষেত্রে দেখ আপনে আপনার॥—খ।

তোহোর ব্যাপহ বুদ্ধি সব বুঝিবার।
তে কারণে বলিলাম বাক্য অধিকার॥
ভীমকে বলিয়া পুনি রাজাক বোলন্ত।
অল্পকার্য্য হেতু কেহ্নে চিন্ত মতিমন্ত॥
অনায়াসে যজ্ঞ তুহ্মি পারিবা করিতে।
রাজ্য এড়ি কেহ্নে চিন্ত বনবাসে যাইতে॥
ভীমার্জ্জুন সহদেব নকুল কুমার।
বৃষকেতু মেঘবর্ণ সহায় যাহার॥
আহ্মি সনে যদুসৈন্য তোহ্মার সকল।
তার কোন অসাধ্য আছএ ধরাতল॥
গোত্রবধ পাতকেরে কেনে বাস ভয়।
সকল পাতক দেও আহ্মার হস্তয়॥
সর্ব্ব পাপ নাশিবাম নাহিক সন্দেহ।
স্বর্গে লইয়া যাইমু তোর এই নিজ দেহ॥
কৃষ্ণের বচনে তবে বলে বৃকোদর।
ভাল বাক্য না বুলিল দেব দামোদর॥
তোহ্মার হস্তেত দিলে হয় লক্ষ গুণ।
পাপ দিলে পাপ বাড়িবেক শুনি পুন॥
অশ্বমেধ যজ্ঞ করি পুণ্য সমর্পিব।
এক গুণ পুণ্য দিলে লক্ষ গুণ হইব॥
তুহ্মি রাজা রাখিয়া থাকহ এহি স্থল।
ঘোড়া আনি দিবাম আপনা বাহুবল॥
ভীমে যদি এহেন বচন বুলিল।
সাধু সাধু বলি কৃষ্ণ ভীম প্রশংসিল॥
এহি যুক্তি সার করি রাজা যুধিষ্ঠির।
কৃষ্ণ সমে ভোজন করএ প্রচুর॥
শয়ন করিল রাজা আনন্দ বিশাল।
অর্জ্জুনের ঘরে কৃষ্ণ গেল হেন কাল॥
অর্জ্জুনের প্রতি তান বহু অনুরাগ।
এক কলেবর দেখ ভিন্ন দুই ভাগ॥

কতক্ষণ ইষ্টালাপ করি মহামতি।
শয়ন করিল তথা যদুবংশপতি॥
রাত্রি অবশেষে পুনি একত্রে মিলিল।
প্রাতক্রিয়া করিয়া যে সভাতে মিলিল॥[১]
তবে ভীম মেঘবর্ণ বৃষকেতু সঙ্গে।
হাতে ধনু অস্ত্র লইয়া চলে মনোরঙ্গে॥
কুন্তী মাতু প্রণামিয়া বন্দিল নৃপতি।
পরম ভকতি কৈল কৃষ্ণেরে প্রণতি॥
অর্জ্জুনক আলিঙ্গিয়া বলিলা বচন।
কৃষ্ণ সমে তুহ্মি কর রাজার রক্ষণ॥
ব্রাহ্মণের রক্ষা কর পাল প্রজালোক।
মোর তরে ভাই কিছু না ভাবিয় শোক॥
অনায়াসে যৌবনাশ্ব জিনিয়া সমরে।
অবিলম্বে ঘোড়া লইয়া আইলু প্রায় ঘরে॥
যাহার মনএ সদাএ বৈসে হৃষীকেশ।
তাহার আপদ ভাই নাহি কোন লেশ॥
কৃষ্ণ মুই মনে ধরি জিনিমু সমর।
প্রায় লইয়া আইলু ঘোড়া তোহ্মার গোচর॥
এ বুলিয়া ভীমসেন সত্বরে চলিল।
হাতে গদা ধনুর্ব্বাণ তুণীর গ্রহিল॥
আগে বৃষকেতু মেঘবর্ণ পাছে তান।
পবন গমন যেন ইন্দ্র শোভামান॥
তিন মহাশয় মহাবেগে চলি যান্ত।
কতদিনে ভদ্রাবতী নগরে মিলন্ত॥
নগর নিকটে দেখে পর্ব্বতশিখর।
পুরি খান আলোক করন্ত বৃকোদর॥
দিব্য পুরী বহুল নগর সারি সারি।
নদনদী বহুতর গণিতে না পারি॥

---

(১) দিনকীর্ত্তি নিবর্হিয়া একত্র বসিল।—খ।

বহু বন উপবন বহু তরু লতা।
উচ্চ প্রাচীর সব পর্ব্বত সমতা॥
হৃষ্ট পুষ্ট বন পশু সব সুললিত।
মহারাজা[1] যৌবনাশ নৃপতি-পালিত[2]॥
সর্ব্বভোগ অলঙ্কৃত নগর দেখিয়া।
প্রশংসিলা ভীমসেন মাথে ধূলি লৈয়া॥
তুহ্মি দুই পাছে পাছে আইস সঙ্গে চলি।
সমরে মারিমু মুই যত মহাবলী॥
এহি সমবায় করি ভীম রহিলেন্ত।
হেনকালে আকাশেত ধূলি দেখিলেন্ত॥
মহামেঘ হেন ধূলি আকাশ যুড়িল।
এহি ঘোড়া আইসে হেন ভীমে অনুমিল॥
মহাধ্বজ পতাকা দেখিল বহুতর।
রথ ধ্বজ গজ বাজি পতাকা বিস্তর॥
প্রলয় জলধি নাদ অতি বহুমান।
দেখিলেক ভীমসেন সৈন্যের উত্থান॥
দশ অক্ষৌহিণী সঙ্গে রাজা যৌবনাশ।
সরোবরে আইসে ঘোড়া লইয়া মহেষ্বাস॥
সঙ্গে রক্ষী ধবল বহুল অশ্বগণ।
কত বা শ্যামলবর্ণ ঘোড়া সুলক্ষণ॥[4]
জেহেন কহিল চিহ্ন মহামুনি ব্যাস।
তেন রূপ দেখি ভীমসেনের বাড়ে আশ[5]॥
বৃষকেতু সম্বোধিয়া বোলে বৃকোদর।
দেখ দেখ ঘোড়া এহি আইসে সরোবর॥
যার হেতু আহ্মি[6] সবে করি পরবাস[7]।
যার উপদেশ দিল[8] মহামুনি ব্যাস॥
জেহেন ময়ূর-গতি সুন্দর লাবণ্য।
সে সকল ঘোড়া দেখ রণে অগ্রগণ্য॥৯
বিনি ঘোড়া না লইয়া না যাইমু দেশ।
করিলু প্রতিজ্ঞা আহ্মি জানহ বিশেষ॥৯
এহি কথা কহিতে যে বৃষকেতু স্থানে।
মেঘবর্ণ পৌত্র ভীম দেখে বিদ্যমানে॥
আকাশ সমান বাড়াই মেঘবর্ণের তনু।
গুণ চড়াইয়া[10] টানে কর্ণ সম ধনু॥
তাহার লক্ষণ দেখি বোলে ভীমসেন।
কিবা চিন্ত মনে তুহ্মি আচরিয়া কেন॥১১
পিতামহ বাক্য শুনি মেঘবর্ণে বোলে।
মায়াবলে যাইব আহ্মি[12] আকাশের কোলে॥
সৃজিয়া রাক্ষসী মায়া করি অন্ধকার।
ঘোড়া ধরি আনি দিমু বিদিতে তোহ্মার॥
এ বুলিয়া মেঘবর্ণে করি অহঙ্কার।
নিমেষে গগন পরে করিলেক ভার॥

---

(১) 'মহাবীর'—খ।

(২) ইহার পর খ-চিহ্নিত পুথিতে অতিরিক্ত আছে, "নগরে বাহিরে দেখে উত্তম সরোবর।
বহুল বিলাস সাগর সমসর॥
সরোবর দেখি ভীম কহিলা বচন।
শুন শুন বৃষকেতু কর্ণের নন্দন॥
সরোবর দেখ অতি নিরমল জল।
এথা জলক্রীড়া করে তুরঙ্গ সকল॥
যৌবনাশ্বে রাখে ঘোড়া পুরির ভিতর।
কৃপণের ধন জেন প্রাণ সমসর॥
যাবৎ জীবন থাকে তার কলেবর।
না দিবেক ঘোড়া এহি বিনেত্ত সমর॥
জল খাইতে ঘোড়া যদি আইল সরোবর।
বলিয়া আনিব ঘোড়া আনিব সত্বর।"

(৩) 'রক্ষক'—খ।

(৪) খ পুথিতে এই শ্লোক ও তৎপূর্ব্বের শ্লোক নাই

(৫) 'ঘোড়া পুরিলেক আশ।'—খ।

(৬) 'তুহ্মি'—খ। (৭) 'করিলা প্রবাস।'—খ।

(৮) 'উদ্দেশ কইল'—খ।

(৯) এই শ্লোক খ—পুথিতে নাই।

(১০) 'টঙ্কারিয়া' —খ।

(১১) 'চিন্তহ মনের বল কি করিব বল'—খ।

(১২) 'জা মুই'—খ।

মহামেঘ হেন শব্দ করে সিংহনাদ।
নির্ঘাত শব্দ শুনি হয় অবসাদ॥
ঘন ঘন বিজুলি চমকে ভয়ঙ্কর।
প্রতিকূল বায়ু হইল শব্দ বহুতর॥
আকাশেত না সঞ্চরে দেবের বিমান।
দেবাসুর সব হইল ভয়ে কম্পমান॥
খেচরে ইন্দ্রের ঠাঁই কহিল সত্বর।
কোন দৈত্য আইসে দেখ অমরা নগর।
গ্রাসিব সকল দেব হয় সাবধান।
সৃষ্টিনাশ করিবেক নাহিক কল্যাণ॥১৩
ক্রোধ হইয়া ইন্দ্রে বজ্র হাতে তুলি ধরে।
দূত সম্বোধিয়া ইন্দ্র বোলে উচ্চস্বরে॥
কি নাম এহার আইসে কিসের কারণ।
শীঘ্র পুছ যবে তার না হয় নিধন॥
ইন্দ্রের বচনে দূত দূরেত থাকিয়া।
মেঘবর্ণ কুমারেত বোলন্ত ডাকিয়া॥১৪
তুহ্মি কোন বীর হয় দেয় পরিচয়।
তোহ্মা দেখি দেবগণে বড় পাএ ভয়॥
কিবা হেতু আইলা তুহ্মি লঙ্ঘিয়া আকাশ।
সত্বরে কহত পুছে ইন্দ্র মহেষ্বাস॥১৫
মেঘবর্ণে বোলে মুই হও নিশাচর।
ভীমসেন-পৌত্র ঘটোৎকচের কোঁয়র॥
ধর্ম্মপুত্র যুধিষ্ঠির যজ্ঞ করিবার।
তিন বীর চলি[১৬] আইল আদেশে রাজার॥
যৌবনাশ্ব রাজার যে ঘোড়া হরি নিতে।
আকাশে উঠিল আহ্মি মায়া আচরিতে॥[১৭]

নির্ভয় থাউকেন দেব চিন্তা পরিহরি।
কৌতুক চাহউক সবে বিমানেত চড়ি॥
হেন বাক্য মেঘবর্ণে যবেত বলিল।
নির্ভয় দেবতাগণ আসিয়া মিলিল॥
ইন্দ্র আদি দেবে আইলা কৌতুক চাহিতে।
স্বর্গ হোতে মেঘবর্ণ নামে আচম্বিতে॥
মায়া করি ঘোড়ার নিকটে গেল বীর।
তিমিরে গ্রাসিল কেহ না দেখে শরীর॥
বহুবেগে বায়ু যেন হএল অতুলিত।
গজ বাজি উড়াইয়া পাড়িল ভূমিত॥
মহাধ্বনি উঠিলেক সৈন্য কোলাহল।
পবনের বেগে সব করিল তরল॥
শিলাবৃষ্টি করি মেঘবর্ণ মহাবীর।
সিংহনাদ করিলেক গহন গম্ভীর॥
এহিরূপে সৈন্য জিনি ঘোড়া লইয়া যাএ।
দূরে থাকি নরপতি যৌবনাশ্বে চাএ॥
কাল মেঘ সমতুল অঙ্গের কুণ্ডলী।
কিরীটি কুণ্ডল শোভে বীর মহাবলী।
পৃষ্ঠে ঘোড়া লইয়া যায় সত্বর গমনে।
পুষ্পবৃষ্টি দেবগণে করে ঘন ঘনে॥
কে লহ ডাক ছাড়ে নৃপ সৈন্যগণ।
কাট কাট মার মার বোলে সর্ব্বজন॥
মেঘবর্ণ প্রতি দেবগণে করে স্তুতি।
ঘোড়া লইয়া মেঘবর্ণ চলে শীঘ্রগতি॥
যৌবনাশ্ব রাজা হেরি থাকি আলোকেন্ত।
হংসরূপী ঘোড়া তান রাক্ষসে হরন্ত॥
প্রাণ তুল্য ঘোড়া লইয়া যায় নিশাচর।
ক্রোধে নরপতি সাজে যুদ্ধের অন্তর॥১৮

(১৩) এই শ্লোক ও ইহার উপরোক্ত ৬ শ্লোক খ-পুথিতে নাই। (১৪) 'জিজ্ঞাসিল গিয়া'—খ। (১৫) এই শ্লোক ও পুর্ব্ববর্ত্তী শ্লোক খ-পুথিতে নাই। (১৬) 'ভদ্রাবতী পুরী'—খ। (১৭) 'বিরচিতে।'—খ।

(১৮) এই শ্লোক ও পুর্ব্ববর্ত্তী ৩শ্লোক খ-পুথিতে নাই।

কালান্তক নামে এক মুখ্য সেনাপতি।
যুদ্ধ হেতু সাজিয়া চলিল শীঘ্রগতি॥
চারি সহস্র রথ ভিড়ন যাহার।
ক্রোধের অনলে সৈন্য করএ সংহার॥
তাকে সন্নিধান করে ক্রোধে নরপতি।
ধর ধর ঘোড়াচোর চল শীঘ্রগতি॥
রাজার আদেশে চলে কালান্তক সেনা।
অহঙ্কার করিয়া রোষন্ত সর্ব্বজনা॥
সিংহনাদ করি সৈন্য যায় যুঝিবারে।
মেঘবর্ণে তাহাক না গণে অহঙ্কারে॥
অস্ত্র বৃষ্টি করে সৈন্য রাক্ষস উপর।
শূল অসিপত্র আর মুষল মুদ্গর॥
বহু অস্ত্র বৃষ্টি করে বেড়ি চারি ধার।
ক্রোধ করি মেঘবর্ণে উঠে যুঝিবার॥
সর্প সৈন্য জেহেন গরুড়ে বিদংশিল।
এক মেঘবর্ণে সব সৈন্য বিলোড়িল॥
করতল[১৯] প্রহারে কাহার নৈল প্রাণ।
চরণ প্রহারে কত সৈন্যের নির্ঝাণ[২০]॥
উরুবেগে বায়ু করি মারে কত বীর।
ভাঙ্গিল রাজার সৈন্য রণে নহে স্থির॥
পর্ব্বতের মহাশিলা উপাড়ি তখন।
মারিলেক মেঘবর্ণে রাজসৈন্যগণ॥
কালান্তক সেনা জিনি প্রমোদ নির্ভরে।
ঘোড়া লইয়া আইল ভীমসেনের গোচরে॥
ঘোড়া পাশে থুয়া তাকে করিল প্রণাম।
মেঘবর্ণে বলিলেন্ত নিজ মনস্কাম॥
তোহ্মার প্রসাদে[২১] পিতামহ মহাশয়।
ঘোড়া হরি আনি দিলু দেখহ নিশ্চয়॥

যার হেতু রাজসৈন্য পাইল নির্ঝাণ।
যার হেতু আহ্মি সব আইল এহি স্থান॥
হেন ঘোড়া রক্ষা করি থাক মহাশয়।
মোকে বলি আইসে দেখ সৈন্য সমুচ্চয়॥
তা সভার রণসাধ খণ্ডাইবার তরে।
এহি জাম পিতামহ রণের ভিতরে॥
এ বুলিয়া মেঘবর্ণ যাএ ত্বরমান।
পদভরে বসুমতী হএ কম্পমান॥
সে সৈন্যসাগরে প্রবেশিল মহাবল।
অতিক্রোধে শোষে যেন বাড়ব আনল॥
নৃপতির মহা সৈন্য বেড়ি চারি পাশে।
শর বরিষণে কিছু না দেখি প্রকাশে॥
বাদী প্রতিবাদী বাণে গগন পুরিল।
এত দেখি বৃষকেতু সমরে রুষিল॥
ভীমক প্রণামিয়া যাএ হাতে ধনুশর।
ত্রিপুরা-মথনে জেন সাজে মহেশ্বর॥
সিংহনাদ করে বীর কর্ণের নন্দন।
উচ্চস্বর করি সবে কহিলা[২২] বচন॥
নিবর্ত্ত নিবর্ত্ত আরে রাজসৈন্যগণ।
মুঞিঁ প্রতিদ্বন্দ্বী বীর কর আলোকন॥
অকারণে না মরিয় চল নিজ ঘর।
পুত্র পরিবার চাহ এড়হ সমর॥
মুই কালান্তক তুল বীর হেন জান।
নিবর্ত্তিয়া জাও সৈন্য রাখহ পরাণ॥
যমের অতিথি ব্যর্থ না হয় তুহ্মি সব।
রণ এড়ি চলি জাও এড়হ গরব॥
এ বুলিয়া করে বীর ধনুক টঙ্কার।
অকাল জলধি যেন করএ হুঙ্কার॥

(১৯) 'হস্তের'—খ।
(২০) 'নিধন'—খ। (২১) 'আদেশে'—খ।
(২২) 'বলল'—খ।

তার দর্পবাক্য শুনি নৃপতির সৈন্য।
ভয়ে কেহ রণেত না হএ অগ্রগণ্য।
স্নিগ্ধ মূর্ত্তি জেহেন উদিত দিবাকর।
কালদণ্ডধর তুল মহা ধনুর্দ্ধর॥
না চিহ্নি কাহার পুত্র কি নাম তাহার।
কোন দেশে বৈসে নাহি জানি ব্যবহার॥
আহ্মি সব না গণিয়া করএ সন্ধান[২৩]।
শিশুরূপে যম জেন আইসে বিদ্যমান॥
মহা মহাবীর সব সাহস করিয়া।
ক্ষেত্রি-ধর্ম্ম জানি তবে বেড়িলেন্ত গিয়া॥
রথ গজ ধ্বজ অশ্ব পড়ে বহুতরে।
বেঢ়িয়া কুমারে চারি পাশে অস্ত্র করে॥
শূল অসি পট্টিশ আর মুষল মুদ্গর।
ত্রিকণ্ঠ ভূষণ্ডী আর অর্দ্ধচন্দ্র শর॥
বৎসদণ্ড ভিন্দি অর্দ্ধচন্দ্র করি গলে।
সর্ব্ব সৈন্যে বরিসন্ত বাণ ভিন্দিপালে॥
নাহি দিশ বিদিশ নাহিক ধরাতল।
কুমার পড়িল হেন সৈন্য কুতূহল॥
প্রভাতের সূর্য্য জেন নীহারে ঢাকিল।
বৃষকেতু বীরে রাজা বাণে আচ্ছাদিল॥
দেখি বহু বাণবৃষ্টি কর্ণের নন্দন।
মহাক্রোধে হইলা যেন হুত হুতাশন॥
ধনুতে চড়াইয়া গুণ ছাড়ে সিংহনাদ।
রণেত রুষিল তবে নাহি অবসাদ॥
আকর্ণ পূরিয়া বীর করিল সন্ধান।
কাটিয়া বিপক্ষগণে কৈল খান খান॥
লক্ষ লক্ষ বাণ এড়ে কুমার প্রচণ্ড।
সিংহে যেন ক্ষেপএ বিদারি গজগণ্ড॥২৪
সহিয়া[২৫] শরের রণ বাণের দাহনে।
গজবাজী সৈন্য কাটে কর্ণের নন্দনে॥
ভূষুণ্ড কাটিয়া পাড়ে বিদারিয়া গণ্ড।
মুহূর্ত্তেকে ধনু কাটি কৈল খণ্ড খণ্ড॥
নিমেষেকে হস্তিযূথ করিল সংহার।
অশ্বমুণ্ড সমে কাটি পাড়ে অশ্ববার॥
তিল পরিমাণ করি কাটি পাড়ে রথ।
বড় বড় রথী সংহারিল মহাসত্ত্ব॥
কাহার হৃদয় কাটে কারো কাটে হাত।
কার পদ কাটি গেল কার কাটে মাথ॥
সর্পসৈন্য জেহেন গরুড়ে বিদংশিল।
এক বৃষকেতু রাজসৈন্য সংহারিল॥
ভাঙ্গিল নৃপতি সৈন্য না রহিল আর।
ক্ষেত্রি-ধর্ম্ম ছাড়ি যাএ ঘরে আপনার॥
যম তুল হেন তাকে মানিলা সকল।
চারি পাশে ধাএ সৈন্য হইআ বিকল॥
যৌবনাশ্ব নরপতি আপনে ডাকন্ত।
চারিদিগে ভাঙ্গি যাএ সৈন্য নিবর্ত্তন্ত॥২৬
সৈন্যের দুর্গতি দেখি রাজা যৌবনাশ্ব।
আপনে রুষিল রণ করিবার আশ॥
সাজিল বহুল সৈন্য যোধ সেনাপতি।
যুবরাজ সুবেগ সাজিল মহামতি॥
যৌবনাশ্ব নৃপতির নন্দন মহাবীর।
রুষিল সুবেগ রণে অক্ষোভ শরীর॥
মহাসৈন্য সঙ্গে রাজা যাএ ক্রোধমনে।
আপনে আইসএ রাজা যুঝিবার মনে॥
একেশ্বর যুদ্ধ করে কর্ণের নন্দনে।
রথবেগে রথরথী ক্ষিতি কম্পমানে॥

(২৩) 'অবজ্ঞান'—খ।
(২৪) নিদাঘ কিরণে জেন পোড়য়ে মার্ত্তণ্ড—খ।
(২৫) 'দহিয়া'—খ।
(২৬) 'তথাপিহ ভাঙ্গে সৈন্য নিবর্ত্ত নাহন্ত।'-খ।

মহা মহা গজকুম্ভ বিদারিল রণে ।
শতে শতে বীর কাটে একেক সন্ধানে ॥
করজ সহিতে ধনু কাটি পাড়ে ক্রোধি ।
মহা মহা রথী কাটে তেজি উপায়ধি ॥
শোণিতে বহএ নদী মাংসে হইল পঙ্ক ।
আনন্দে সঞ্চরে তথা শিবা গৃধ্র কঙ্ক ॥
বহুরথী মারিলেক[১] বীর মহাশয় ।
ইতস্ততঃ রণভূমি সঞ্চরে নির্ভয় ॥
রণে যেন নৃত্য করে ভ্রমএ চারি পাশ ।
সতত কাটএ সৈন্য নাহি অবকাশ ॥
সৈন্য সংহারিয়া বীর নিজ অহঙ্কারে ।
নৃপতি সমুখে জাএ সমর মাঝারে[২] ॥
মহা মত্ত গজ সব রাজার নিকট ।
তীক্ষ্ণবাণে কাটি তাক পাড়িল প্রকট[৩] ॥
রাজার সমুখে সব সৈন্য বিদারিল ।
অপমানে নরপতি রণেত রুষিল ॥
সৈন্যের দুর্গতি দেখি রাজা যৌবনাশ ।
ধনুতে চড়াইল গুণ সমরের আশ ॥
আকর্ণ পুরিয়া বীরে ধনু টঙ্কারিল ।
উচ্চস্বর করি বৃষকেতুকে বলিল ॥
অতি শিশু দেখি তোকে বীর অবতার ।
মোকে পরিচয় দেয় শিশু আপনার ॥
কিসকে হরিল ঘোড়া কারণ কি তার ।
কি নিমিত্তে কর মোর সৈন্যের সংহার ॥
অবিলম্বে যাইবা তুহ্মি যমের দুয়ার ।
মোহর গোচরে আইলা নাহিক নিস্তার ॥
পদরথে রণ কর না হএ উচিত ।
মুই এক রথ দেম দেখহ বিদিত ॥
এহি রথে চড়ি যুদ্ধ কর মনোরমে ।
অবিলম্বে অতিথ করিব তোরে যমে ॥[৫]
আর কোন দুই বীর তোহ্মার সংহতি ।
পরিচয় দেয় শিশু ভয় নাই অতি[৬] ॥
রাজার বচন শুনি হাসএ কুমার ।
পরিচয় শুন এবে নৃপতি আহ্মার ॥
জাহার উদয়ে হএ তিমির বিনাশ ।
জাহার তেজে দশদিগ্ হএ পরকাশ ॥
মোর পিতামহ জান সেই দিবাকর ।
তার পুত্র উপজিল কর্ণ ধনুর্দ্ধর ॥
ত্রিভুবন বিখ্যাত যে দাতা অগ্রগণী ।
যার তেজে দুর্য্যোধন ভুঞ্জিলা মেদিনী ॥
তান পুত্র বৃষকেতু হেন জান মোক ।
কটাক্ষেহ নরপতি না গণম তোক ॥
যুধিষ্ঠির নৃপতির সোদর কনিষ্ঠ ।
ভীমসেন নাম এহি দেখহ বলিষ্ঠ ॥
মেঘবর্ণ নাম এহি পৌত্র হএ তান ।
যার বাণে নরপতি হইল নির্ব্বাণ ॥
যুধিষ্ঠির নৃপতিএ যজ্ঞ করিবার ।
তিন বীর চলি আইলু নিদেশে রাজার ॥
তুহ্মি দিলে রথ আহ্মি কিসকে গ্রহিব ।
পদরথী হইয়া মহারথী সংহারিব ॥
বৃষকেতু বচনে বোলএ যৌবনাশ ।
তোর বাপ কর্ণ জানো দুর্য্যোধনের দাস[৭] ॥
তুহ্মি ধন্য আপনার পিতৃপাশ পাইলা ।
মরিবারে ভীম সঙ্গে মোর রাজ্যে আইলা ॥
তোর শক্তি নাহি মোর ঘোড়া নিতে হরি ।
যত সৈন্য সংহারিলে অহঙ্কার করি ॥

(১) 'পড়িলেক'—খ। (২) 'যুঝিবারে'—খ। (৩) 'ষতেক কটক'—খ।

(৫) অবিলম্বে অতি সুখে নিব তোরে যমে।—খ। (৬) 'মতি'—খ। (৭) 'বন্ধু'—খ।

সে সব তর্পিব আজু তোহ্মার শোণিতে।
কিন্তু তোকে দেখি শিশু দয়া লাগে চিত্তে॥
বহু বীর সমরে মোর করিলে সংহার।
একে তুঞ্ঝিঁ ডিম্ব শিশু কলেবর আর॥
একে তোকে প্রথমে প্রহার করিবারে।
যুক্ত না হএ শিশু জানহ আহ্মারে॥
প্রথম প্রহার কর কর্ণের নন্দন।
পাছে তোকে একেবারে করিমু নিধন॥
যৌবনাশ্ব নৃপতির বচন শুনিয়া।
অহঙ্কারে বৃষকেতু বোলএ হাসিয়া॥
তুহ্মি অতি বৃদ্ধ হইলা জরাএ পীড়িত।
এক বাণ ঘাএ যাইবা যমের পুরীত॥
তোহ্মার সমর আজু বুঝি নরপতি।
প্রথম করহ অস্ত্র যতেক শকতি॥
বিশেষে তোহ্মার ঘোড়া হরিল প্রথম।
সৈন্য তোর সংহারিলু দেখাইব যম॥
অপবাদী হই তবে বুঝহ বিচার।
প্রথম করিতে অস্ত্র জুয়াএ তোহ্মার[১]॥
বৃষকেতু বচনে রুষিল নরপতি।
প্রথমে করিল অস্ত্র যতেক শকতি[২]॥
ক্ষুর সম দশ বাণ জুড়িল ধনুকে।
বৃষকেতু বাণে বাণ কাটএ কৌতুকে॥
অর্দ্ধ পথে নৃপতির কাটে দশ বাণ।
তিন শর মারিলেক হৃদয় তাহান॥
নৃপতি ভেদিয়া বাণ পড়ে ভূমিতলে॥
হাসে বৃষকেতু রণে রভস বিকলে॥[৩]

অর্দ্ধচন্দ্র বাণ এড়ে অনল আকার[৪]।
গুণ সমে ধনু কাটি পাড়িল রাজার॥
কাটিল ধবল ছত্র চামর ব্যজন।
সারথি কাটিয়া কাটে ধ্বজ ততক্ষণ॥
সিংহনাদ করি বীর করে উপহাস।
রণেত রুষিল তবে রাজা যৌবনাশ॥
আর ধনু হাতে লইআ করিল সন্ধান।
কাটিআ বিপক্ষ বাণ কৈল খান খান॥
বৃষকেতু হৃদয়ে হানিল ষষ্টি বাণ।
না কম্পিল বৃষকেতু সমর[৫] সন্ধান॥
সহিয়া সে ঘাও তবে কর্ণের সন্ততি।
আর বাণ এড়িলেক অতি শীঘ্রগতি॥
চারি ঘোড়া নৃপতির কাটিয়া পাড়িল।
তীক্ষ্ণ তীক্ষ্ণ বাণ তার হৃদয় গাড়িল॥
সারথির মাথা কাটি পাড়এ ভূমিত।
রথ খণ্ড খণ্ড কৈল সৈন্য সমুদিত॥[৬]
নৃপতি পড়িল হেন বোলে সর্ব্বজন।
সিংহনাদ করে বীর কর্ণের নন্দন॥
যৌবনাশ্ব নরপতি লজ্জাএ বিকল।
ত্বরমাণে আর রথে চড়ে মহাবল[৭]॥
লজ্জাএ দ্বিগুণ কোপ বাড়িল তাহান।
ধনুর্ব্বাণ-হস্তে যেন অগ্নির সমান[৮]॥
প্রাণ নিরুপেক্ষি যুদ্ধ করে নরপতি।
লক্ষে লক্ষে বাণ এড়ে অতি শীঘ্রগতি॥
গুণ তূণ না চাহন্ত না চাহন্ত ধনু।
ঘন ঘন বাণে বিন্ধে বৃষকেতু-তনু॥

(১) 'আহ্মারে'—খ।
(২) আকর্ণ পুরিয়া বাণ এড়ে শীঘ্রগতি।—খ।
(৩) 'হাসে বৃষকেতু বীর অতি মহাবল।'—খ।
(৪) 'যম অবতার'—খ। (৫) 'বিষম'—খ।
(৬) খণ্ড খণ্ড কৈল সৈন্য যার চারিভিত।—খ।
(৭) 'হইল অভিমান।'—খ। (৮) 'দিব্যমান'—খ।

নৃপতির বাণে সব হইল অন্ধকার।
আকাশেত না সঞ্চরে বিমান দেবতার ॥১
নগর বাহিরে দেখি দিব্য সরোবর।
বহুল তরঙ্গ উঠে জেহেন সাগর ॥
নিরমল জল তাত উৎপল বিভূষিত।
করে জলজন্তু সবে পক্ষীএ পূর্ণিত ॥
সরোবর দেখি ভীম বোলন্ত বচন।
শুন আরে বৃষকেতু কর্ণের নন্দন ॥
সরোবর দেখ অতি নিরমল জল।
তুরগের পদচিহ্ন দেখহ সকল ॥
মধ্যাহ্নে তুরগ সব আইসে এই স্থল।
যৌবনাশ্বে রাখে ঘোড়া পুরীর ভিতর ॥
কৃপণের ধন জেন প্রাণ সম সর।
যাবত থাকএ প্রাণ তার কলেবর ॥
না দিবেক ঘোড়া দড় অল্প সমরে।
প্রাণপণে রাখে ঘোড়া যৌবনাশ্ব বীরে ॥
এতেকে নগরে গিয়া নাহি প্রয়োজন।
অবিদিতে এথাতে থাকিব তিন জন ॥
জল খাইবারে ঘোড়া আইসে সরোবরে।
ধরিয়া আনিব আহ্মি গমন সত্বরে ॥
বাণে আচ্ছাদিল রাজা রবির কিরণ।
তবে রোষে বৃষকেতু কর্ণের নন্দন ॥
অগ্নিবাণ এড়িলেক মন্ত্রে আমন্ত্রিয়া।
নৃপতির বাণ সব পাড়িল দহিআ ॥
অগ্নিএ দহএ২ সব সৈন্য পাইল ত্রাস।
এড়িল বরুণ বাণ রাজা যৌবনাশ ॥
মহাবৃষ্টি হইল অগ্নি পাইল নির্ব্বান।
পবন অস্ত্র এড়ে বৃষকেতু বলবান্ ॥

এড়িল পবন অস্ত্র অতি মহাবল।
মেঘ ছিন্ন করি বায়ু উড়াইল সকল ॥
পবনের বেগে ভাঙ্গে বড় বড়৩ রথ।
সিংহনাদ করে বৃষকেতু মহাসত্ব ॥
আর রথে চড়ে রাজা অতি ত্বরমাণ।
এড়িল পর্ব্বত অস্ত্র বিষম সন্ধান ॥
পর্ব্বত নিবারে বায়ু করে শিলাবৃষ্টি।
অকাল জলধি যেন সংহারএ সৃষ্টি ॥
বহুতর শিলা পড়ে পড়ে পশুগণ।
বহুল৪ সম্ভ্রম পাইল কর্ণের নন্দন ॥
তাহান সম্ভ্রম দেখি বীর বৃকোদর।
হাতে গদা করি উঠে করিতে সমর ॥
ভীম রণে আইসে দেখি বৃষকেতু বীর।
লজ্জাএ বিকল হইল না চাহে শরীর ॥
ক্রোধে মুহূর্চ্ছিত বীর ছাড়ে সিংহনাদ।
এড়িলেক চক্রবাণ৫ না চিন্তি প্রমাদ ॥
বিষ্ণুচক্র সম তেজ সহস্রেক বীর।
খণ্ড খণ্ড করে গিরি করিল সংহার৬ ॥
চূর্ণীকৃত করিল পর্ব্বত অস্ত্র জরে।
যৌবনাশ্ব নৃপতিএ ভল্ল এড়ে তবে ॥
সে ভল্ল হৃদয় ভেদে কর্ণের নন্দন।
মুহূর্চ্ছিত হইল বীর হরিল চেতন ॥
ভূমিত পড়িল বীর দেখে সর্ব্ব লোক।
মহাবীর ভীমসেনে বড় পাইল শোক ॥
পররাজ্যে আইলু মুঞি শিশু সঙ্গে করি।
কি বুলিয়া প্রবোধিমু কুরু৭ অধিকারী ॥
কিরূপে যাইমু মুঞি কৃষ্ণের সাক্ষাৎ।
হাহাকরে ভীমসেন মাথে হানে হাত ॥

(১) 'আকাশে খেচর সবে নাহিক সঞ্চার।'—খ।
(২) 'পোড়এ'—খ।
(৩) 'নৃপতির'—খ। (৪) 'পরম'—খ।
(৫) 'মহা অস্ত্র'—খ।
(৬) 'পড়ে চারিধার'—খ। (৭) 'গুরু'—খ।

কি বোলে বুলিমু মুঞি অর্জ্জুনের পাশ।
অতি বলবন্ত দেখি রাজা যৌবনাশ॥
আজি রণে সংহারিমু রাজা যৌবনাশ।
যুবরাজ সুবেগ মারিমু মহেম্বাস॥
চিন্তাএ বিকল বীর রুষিল সমরে।
হাতে গদা করি ধাএ দেখে নৃপবরে॥
সে সৈন্যসাগর মাঝ ভীমে প্রবেশিল।
গদার প্রহারে বহু সৈন্য সংহারিল॥
রথ রথী চূর্ণ করি মারে অশ্ববার।
হস্তীর ভাঙ্গিল গণ্ড করিয়া বিদার॥
নিমেষেকে হস্তিযূথ সংহারিল ভীম।
যত বীর সংহারিল তার নাহি সীম॥
উরুবেগে উড়াইল মহা মত্ত গজ।
মহা মহা রথী সমে ভাঙ্গি পাড়ে ধ্বজ॥
এক গজ লৈয়া ভীম আর গজ মারে।
সহস্র পদাতি মারে এক এক প্রহারে[১]॥
কালদণ্ড হাতে যেন আইল শমন।
(মহাগদা লইয়া ভীমসেনে করে রণ॥)
ভীম দেখি ভঙ্গ দিল বড় বড় বীর।
আছউক করিব রণ হইতে নারে স্থির॥
কোটি কোটি শতে সৈন্য ধাএ চারি ধার।
ভাঙ্গিল নৃপতি সৈন্য না নিবর্ত্তে আর॥
শোণিতে বহএ নদী অতিবেগ গতি।
স্রোতে ভাসি লইয়া যায় বড় বড় রথী॥
শোণিতেত ভাসে ধ্বজ ছত্র বহুতর।
নৃপসৈন্য পরাজিল এক বৃকোদর॥
ভীমসেন সৈন্য বিধ্বংসিল দেখি রণে।
যুবরাজ সুবেগ রুষিল ততক্ষণে॥

উচ্চস্বরে ডাকি বোলে সুবেগ সুমতি।
শুনরে পাণ্ডব ভীমসেন মহারথী॥
অল্প প্রাণী মারি কেন্হে কর অহঙ্কার।
এথনে পাঠাইমু তোহ্মা শমন দুয়ার॥
যৌবনাশ নৃপতির আহ্মি সে নন্দন।
সুবেগ মোহোর নাম বিখ্যাত ভুবন॥
মোর সনে রণ করি যাও যম ঘর।
এ বুলিয়া সুবেগ সে আইল সত্বর॥
রথে চড়ি বায়ুবেগে আইসে ত্বরমাণ।
ভীমকে মারিল গদা বজ্রের সমান॥
মাথাতে মারিল ঘাও অতি শীঘ্রগতি।
পুনি হৃদএত হানে যতেক শকতি॥
সহিয়া গদার ঘাও ভীম মহাবীর।
ক্ষণ মাত্র না নড়িল আছিল সুস্থির॥
ক্রুদ্ধ হইল ভীমসেন গদার প্রহারে।
মহাকোপে চলিল[২] সুবেগ মারিবারে॥
দুই হাতে ধরি গদা ভীমে প্রহারিল[৩]।
সারথি সহিতে রথ তাহান মারিল॥
দুই বীর বিরথী সে দুই গদা ধরে।
অন্যে অন্যে প্রহারন্ত দুই ধনুর্দ্ধরে॥
সব্য অপসব্য গতি মণ্ডলি করন্ত।
হৃত প্রহৃত করি ঘাও সম্বরন্ত॥
সহন্ত গদার ঘাও করন্ত প্রহার।
হুড়কা লাগিল যেন যমের দুয়ার॥
সুবেগের সনে ভীম মল্লযুদ্ধ করি।
গদা এড়ি সুবেগতে দুই হাতে ধরি॥
গগনে তুলিয়া শতবার ভ্রমাইয়া।
ভূমিতলে পাড়িলেক হুহুঙ্কার দিয়া॥

(১) 'সব তিলেকে সংহারে'—খ।

(২) 'আটোপ করিয়া আইল'—খ।
(৩) 'ভাঙ্গিল'—খ।

ক্ষণ মাত্র সুবেগ আছিল মুর্চ্ছিত ।
সংজ্ঞা পাইয়া দাণ্ডাইল ভীমের বিদিত ॥
দুই হাতে ধরি ভীম ভূমিত ক্ষেপিল ।
কথঞ্চিৎ ভীমসেন সুস্থির আছিল ॥
তবে ভীম মহাসত্ত্ব গজ এক ধরি ।
সুবেগ মারিতে ক্ষেপে তাহার উপরি ॥
সুবেগ ধরিল সেই গদা বাহুবলে ।
ভীমকে মারিতে ক্ষেপে রণ কুতূহলে ॥
দুহান পীড়নে গজ চূর্ণীকৃত হইল ।
পুনরপি দুই বীরে গদা যুদ্ধ কৈল ॥
অন্যে অন্যে দুই ঘাএ পড়ন্ত ভূমিত ।
পুনি উঠি যুদ্ধ করে লভিয়া সম্বিত ॥
হেন কালে বৃষকেতু চৈতন্য লভিল ।
মূর্চ্ছা এড়ি যৌবনাশ রাজাকে দেখিল ॥
হাতে ধনু করি বীর আকর্ণ পূরিআ ।
পঞ্চবাণ এড়িলেক হুহুঙ্কার দিয়া ॥
রাজার ভেদিয়া তনু বাণ গেল দূর ।
হাসে বৃষকেতু বীর রভস শরীর[১] ॥
সংজ্ঞাহীন হইল রাজা মূর্চ্ছিত শরীর ।
রথ হোতে পৃথিবীত পড়ে মহাবীর ॥
ভূমিত পড়িল রাজা সৈন্যে দিল ভঙ্গ ।
সারথি পলাইয়া গেল রথ লইয়া সঙ্গ[২] ॥
ত্বরমাণে বৃষকেতু আইলেন্ত পাশ ।
গাএর অঞ্চলে বিজে রাজা যৌবনাশ ॥
বৃষকেতু বোলে মুঞি কৃষ্ণ আরাধনে ।
যত পুণ্য করি আছম কায়বাক্যে মনে ॥
সেই পুণ্যে জিতা উঠউক রাজা যৌবনাশ ।
আর কে সমরে মোর পূরাইব আশ ॥

এ বোল বুলিতে রাজা পাইল চেতন ।
শুনিলেক যে বুলিল কর্ণের নন্দন ॥
যুদ্ধ এড়ি নরপতি আলিঙ্গিল তাক ।
বৃষকেতু বীরকে বলিল হেন বাক ॥
ধন্য ধন্য বীর তুহ্মি কর্ণের নন্দন ।
কৃষ্ণনাম স্মরি মোর রাখিল জীবন ॥
দাতার তনয় বীর দাতা মহাবল ।
জীবন দান কৈল মোর নিজ পুণ্যফল ॥
সতত সেবিলা তুহ্মি কৃষ্ণ জগদীশ ।
বঞ্চিত কৃষ্ণের সেবা আহ্মি অহর্নিশ ॥
রাজ্য মোর গ্রহণ করহ মহাবল ।
ধন জন যত ইতি তোহ্মার সকল ॥
ভীমসেনে দেখাও মোরে ধর্ম্ম সহোদর ।
তান সমে দেখম মুঞি দেব চক্রধর ॥
জনম সাফল্য করি কৃষ্ণ দরশনে ।
ভক্তি করিবাম গিয়া কৃষ্ণের চরণে ॥
কৃষ্ণের দ্বিতীয় তনু বীর ধনঞ্জয় ।
তাহাক দেখিয়া ধর্ম্ম পাইনু অতিশয় ॥
এ বুলিয়া যৌবনাশ্ব রাজা মহামতি ।
বৃষকেতু সমে গেল হইয়া পদরথী ॥
সুবেগ সহিতে যথা যুঝে বৃকোদর ।
তথা গিয়া তাক স্তুতি কৈল বহুতর ॥
পুত্রক নিবারি রাজা ভীম আলিঙ্গিয়া ।
ভীমসেন সঙ্গে রাজা তথাত রহিয়া ॥
প্রভাতে চালাইল সৈন্য সঙ্গে পরিবার[৩] ।
ভীম সঙ্গে চলে রাজা কৃষ্ণ দেখিবার ॥
প্রভাবতী নাম তান মহিষী সংহতি ।
কৃষ্ণ দেখিবার জাএ রাজা ধর্ম্মমতি ॥

(১) 'কম্পিল প্রচুর'—খ ।
(২) 'বহুল আতঙ্ক'—খ ।
(৩) 'সঙ্গে লৈয়া পুত্রদার'—খ ।

দৈবকী দেখিমু মুঞি কৃষ্ণের জননী।
তাকে প্রণমিব প্রভাবতী যশস্বিনী॥
যত প্রজা আছে মোর পুরীর ভিতর।
সকল চলিয়া আইস দেখি দামোদর॥
জনম সাফল্য হইব হইব স্বর্গবাস।
নররূপী কৃষ্ণ দেখি পুরিবাম আশ॥
বহু ধন মণি রত্ন বহু অশ্ব গজ।
কাঞ্চন গঠিত লইব বহু রথ ধ্বজ॥
কৃষ্ণ হেতু ধর্ম্ম হেতু বহু উপহার।
সঙ্গে করি চলে রাজা পুত্র পরিবার॥
যজ্ঞের ঘোটক লৈল বহুল আনন্দে।
যৌবনাশ্ব রাজা চলে পরম সানন্দে॥[১]
ভীমসেন মেঘবর্ণ বৃষকেতু সঙ্গে।
ভদ্রাবতীর লোক জাএ মনোরঙ্গে॥
বহু যোজনের পথ জুড়ি রাজসৈন্য।
কৃষ্ণ দেখিবারে জাএ এহি বড় ধন্য॥
পঞ্চ রাত্রি বঞ্চি পথে নগর নিকটে।
যদি গেল সেই রাজা সৈন্যের[২] প্রকটে॥
তবে ভীম বোলে যৌবনাশ্ব নৃপতিত।
আগে চলি যাইব আহ্মি আপনা পুরীত॥
রাজাক শুনাইমু গিয়া এহি বিবরণ।
এথা তোহ্মা পাশে থাউক কর্ণের নন্দন॥
এ বুলিয়া ভীমসেন সত্বর গমনে।
হস্তিনাপুরীত গেলা রাজা বিদ্যমানে॥
বসিছন্ত মহারাজা সভাঘর মাঝে।
পরিচর্য্যা করে সব সোদর সমাজে॥
রাজার সাক্ষাৎ বসিছন্ত মুনিগণ।
পাত্রমিত্র চারি পাশে করিছে শোভন॥

হেনকালে ভীমসেন অতি কুতূহলে।
নৃপতিক প্রণমিল পড়ি ভূমিতলে॥
মাথে হাত দিআ রাজা তাহাকে তোষন্ত।
কনিষ্ঠ সোদর তিনে তাহানে বন্দন্ত॥
আলিঙ্গিল ভীমসেন বীর ধনঞ্জয়।
মহাবীর নকুলেরে লইল কোলএ॥
তবে নৃপতিত বার্ত্তা কহে মহামতি।
কুশলে আইলু রাজা জিনি ভদ্রাবতী॥
যৌবনাশ্ব রাজা আইসে তোহ্মা দেখিবার।
সঙ্গে করি আইসে রাজা পুত্র পরিবার॥
যজ্ঞের ঘোটক আনে বহুবিধ ধন।
কৃষ্ণবন্দি বন্দিবেক তোহ্মার চরণ॥
যৌবনাশ্ব রাজা রাজপত্নী প্রভাবতী।
দ্রৌপদীক দেখিবারে আইসে মহামতি॥
ভীমের বচন শুনি আনন্দিত মন।
ভীমেরে বলিলা যাও আপনা ভবন॥
দ্রৌপদীক কহ গিয়া হৌক সাবধান।
প্রভাবতী সম্ভাসউক সানন্দিত মন॥
সম ব্যবহারে যেন ব্যবহারে তাক।
আগে গিয়া ভীমসেন কহ এহি বাক॥
রাজার বচনে ভীম গেলা অন্তঃপুরে।
দ্রৌপদী দেখএ ভীম আইসএ সত্বরে॥
আস্তেব্যস্তে দেবী নিজ আসন এড়িল।
ভীমকে আসন দিয়া কুশল পুছিল॥
ভীমে বোলে শুন দেবি রাজার আদেশ।
সাবধান হও গিয়া অঙ্গে কর বেশ॥
যৌবনাশ্ব রাজার যে পত্নী প্রভাবতী।
তোহ্মা দেখিবারে আইসে দেবী প্রভাবতী॥
সম ব্যবহারে তারে কর ব্যবহার।
কহিলু সম্বাদ জেন আদেশ রাজার॥

---

(১) 'বহুবিধ ছন্দে'—খ।
(২) 'রাজ্যের'—খ।

আর বার্ত্তা কহ দেবি কৃষ্ণ গেল ক'থা।
কি কারণে তাহ্নে মুঞিঁ না দেখম এথা॥
সময় আছিল পূর্ব্বে রাজাকে রাখিতে।
যাবত আইসম মুই তাবত থাকিতে॥
সময় লঙ্ঘিল মোর দৈবকীনন্দন।
গেলনি কি বোল দেবি আপন ভুবন॥
ভীমের বচন শুনি দ্রৌপদী বোলন্ত।
অসন্তোষ নহে কৃষ্ণ এথাতে আছন্ত॥
পাণ্ডবের প্রিয় কৃষ্ণ পাণ্ডব-বৎসল।
যিনি পাণ্ডবে ত তান নাহি কুতূহল॥
ওথা অর্জ্জুনের পুরে কৃষ্ণ দেখ গিয়া।
রাজআজ্ঞা পালি আহ্মি শরীর মার্জ্জিয়া॥
তবে ভীমে লভিয়া যে কৃষ্ণের উদ্দেশ।
প্রণমিল গিয়া ভীম হরিষ বিশেষ॥
ভীমেঁ আলিঙ্গিয়া কৃষ্ণ হইল বাহির।
যৌবনাশ্ব আশ্বাসিতে চলে যুধিষ্ঠির॥
আগে পাছে কৃষ্ণ ভীম বীর ধনঞ্জয়।
নকুল কুমার সহদেব মহাশয়॥
পাত্র মিত্র বহুসৈন্য করি পরিবার।
বহুল বাদিত্র বাজে মঙ্গল জোকার॥
যৌবনাশ্ব নৃপতির বহু সৈন্য সঙ্গ।
শীঘ্র আইসে আগুসারি যজ্ঞের তুরঙ্গ॥
রাজধানী দ্বারেত দুহান দরশন।
দূরে থাকি দেখে যৌবনাশ্ব মহাজন॥
রথ হোতে নামিয়া হইয়া পদরথী।
যুধিষ্ঠির নৃপতিক করিলা প্রণতি॥
ধর্ম্মেহ নামিয়া গজ হোতে ততক্ষণ।
যৌবনাশ্ব নৃপতিক কৈলা আলিঙ্গন॥
বহু প্রেমভাবে রাজা বচন বলিল।
আজু হোতে তোহ্মাকে যে বন্ধু আদরিল॥
যেন ভীমার্জ্জুন দেখ মোর সহোদর।
তুমি রাজা হইলা আজ তার সমসর॥
পাণ্ডবের সখা কৃষ্ণ দৈবকীনন্দন।
দেখ দেখ যৌবনাশ্ব পাতকনাশন॥
প্রভাবতী দেখ গিয়া দেবী দ্রৌপদীক।
কুন্তী মাতু দেখ গিয়া দেখ গান্ধারীক॥
রাজার বচনে যৌবনাশ্ব নরপতি।
কৃষ্ণের চরণে কৈল অষ্টাঙ্গে প্রণতি॥
মুঞিঁ ধন্য ধন্য আজি মোহোর জীবন।
সতত করিলু পাপ হইল উপশম॥
মনুষ্য-শরীরে কৃষ্ণ দেখিলু নয়নে।
ভদ্রাবতী পুরী ধন্য মুঞি হেন জনে॥
সাফল্য রাখিলু মুঞি যজ্ঞের তুরঙ্গ।
যার হেতু যুদ্ধ কৈলু বৃষকেতু সঙ্গ॥
ধন্য বৃষকেতু বীর জিনিল সমরে।
প্রাণ দান মোহোকে দিলেক যেই তরে॥
তে কারণে কৃষ্ণ মুঞি দেখিলু নয়নে।
ধন জন সমর্পিয়া কৃষ্ণ পাইলু মনে॥
সদাএ কৃষ্ণের সঙ্গে বৈসএ পাণ্ডব।
স্বপ্নেহ না দেখে কৃষ্ণ যার পরাভব॥
একত্রে তাহান সঙ্গে বৈসে দামোদর।
তাহান সারথি হএ আপনি ঈশ্বর॥
হেন বীর ধনঞ্জয় অতি পুণ্যবন্ত।
কৃষ্ণের পরম বন্ধু যাহাকে বোলন্ত॥
যার বাহুবল প্রশংসন্তি দেবগণে।
রুদ্রদেব যে পাণ্ডবে তুষিলেক রণে॥
তাহাকে চিহ্নাও মোরে কর্ণের নন্দন।
সাফল্য হউক মোর যৌবন জীবন॥
যৌবনাশ্ব নরপতি এহেন বলিতে।
আপনে অর্জ্জুন আসি বোলন্তি বদিতে॥

মোর নাম ধনঞ্জয় দেম পরিচয় ।
নমস্কার করো রাজা হওত সদয় ।
জ্যেষ্ঠ ভাই যুধিষ্ঠির জেন মান্যজন ।
ভীমসেন মান্য জেন মান্য জনার্দ্দন ॥
আজ হোতে নরপতি তেন হইলা তুহ্মি ।
তোহ্মার বচনস্তব হইলাম আহ্মি ॥
